রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১০, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

তারিখ ঃ ২৭ শে জ্যৈষ্ঠ, ১৪১১ বঙ্গাব্দ/১০ ই জুন, ২০০৪ খ্রিষ্টাব্দ।

এস, আর, ও, নং–১৬২–আইন/২০০৪/৪০৮–মূসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত বিধিমালার –

(১) বিধি ৩ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত "উপ-বিধি (১) বা (২)" শব্দগুলি, বন্ধনীগুলি ও সংখ্যাগুলির পর "বা বিধি ৩খ" শব্দগুলি ও সংখ্যা সংযোজিত হইবে;

(২) বিধি ৩ক এর পর নূতন বিধি ৩খ সন্নিবেশিত হইবে, যথাঃ-

"৩খ। অভিন্ন মূল্যে উৎপাদনকারী বা আমদানিকারক কর্তৃক পণ্য সরবরাহ পদ্ধতি।- কোন উৎপাদনকারী কর্তৃক উৎপাদন পর্যায়ে বা আমদানিকারক কর্তৃক সরবরাহ পর্যায়ে পণ্যের গায়ে বা ধারকে বা প্যাকেটে মুদ্রিত



মূল্য ঃ টাকা ১৫.০০

আকারে কোন পণ্য সরবরাহ করার ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথাঃ-

(ক) করযোগ্য পণ্য সরবরাহের পূর্বে উৎপাদনকারী বা আমদানিকারক উৎপাদিত বা সরবরাহযোগ্য পণ্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ধার্যের উদ্দেশ্যে বিধি ৩ এ বিধৃত পদ্ধতিতে মূল্য ঘোষণা করিবেঃ

তবে শর্ত থাকে যে, উক্তরূপ মূল্য ঘোষণার ক্ষেত্রে উৎপাদন পর্যায়ের ঘোষণা এবং পণ্যের চূড়ান্ত সরবরাহ পর্যায়ের যাবতীয় ব্যয়, মুনাফা ও কমিশন পৃথকভাবে মূসক-১ এ প্রদর্শন করিবে;

(খ) উৎপাদনকারী বা আমদানিকারক এই মর্মে বোর্ডে অঙ্গীকারনামা দাখিল করিবে যে, ঘোষিত অভিন্ন মূল্য পণ্যের গায়ে বা ধারকে বা প্যাকেটের দৃশ্যমান স্থানে অনপনীয় কালিতে মুদ্রিত থাকিবে এবং দেশের সর্বত্র উক্ত অভিন্ন মূল্যেই পণ্য সরবরাহ করা হইবে;

(গ) দফা (খ) এ উল্লিখিত অঙ্গীকারনামা বোর্ডে দাখিলের সময় অঙ্গীকারনামার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করিতে হইবে;

(ঘ) দফা (গ) এর অধীন কাগজপত্র দাখিলের সময় পণ্যের গায়ে বা ধারকে বা প্যাকেটে মুদ্রিত মূল্যের পাশে বা নীচে বা উপরে "মূসক পরিশোধিত" বা, ক্ষেত্রমত, "VAT paid" মুদ্রণ সম্বলিত পণ্যের নমুনা দাখিল করিতে হইবে;

(ঙ) বোর্ডের অনুমোদন প্রাপ্তির পর বিভাগীয় কর্মকর্তা সংশ্লিষ্ট উৎপাদনকারী বা আমদানিকারককে উহা অবহিত করিবেন এবং তৎকর্তৃক নির্দিষ্টকৃত তারিখ হইতে উল্লিখিত পণ্য সরবরাহ করা যাইবে;

(চ) নিজস্ব বিক্রয়কেন্দ্র বা পরিবেশক বা ডিলার বা এজেন্ট কর্তৃক পণ্য সরবরাহ বা বিক্রয়কালে মূসক-১১ চালানে "উৎসে সমুদয় মূসক পরিশোধিত" মর্মে সীল প্রদান করিয়া পণ্য সরবরাহ বা বিক্রয় করিতে হইবে।"

(৩) বিধি ৭ এর –

(ক) উপ-বিধি (১) এর "কমিশনার অথবা বিভাগীয় কর্মকর্তার" শব্দগুলির পরিবর্তে "সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা বা তাহার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (১) এর শর্তাংশে উল্লিখিত "কমিশনার অথবা বিভাগীয় কর্মকর্তা" শব্দগুলির পরিবর্তে "আদেশ দানকারী কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-বিধি (৩ক) এর "মূল্য সংযোজন কর (মৌসুমী ইটভাটা) বিধিমালা, ২০০১" শব্দগুলি, বন্ধনী, কমা ও সংখ্যার পরিবর্তে "মৌসুমী ইটভাটা মূল্য সংযোজন কর বিধিমালা, ২০০৪" শব্দগুলি, কমা ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(ঘ) উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"উপ-বিধি (২) ও (৩) অনুযায়ী পরিচালিত প্রতিটি পরিদর্শন, তল্লাশী ও আটক সম্পর্কে উক্তরূপ কার্যক্রম পরিচালনাকারী কর্মকর্তা পরবর্তী কার্যদিবসের মধ্যে অথবা উক্ত সময়ের মধ্যে সম্ভব না হইলে বিলম্বের কারণ উল্লেখপূর্বক অতিরিক্ত দুই কার্যদিবসের মধ্যে নিয়ন্ত্রণকারী কর্মকর্তা বা, ক্ষেত্রমত, আদেশ দানকারী কর্মকর্তার নিকট লিখিত প্রতিবেদন দাখিল করিবেন এবং উক্ত প্রতিবেদনের ভিত্তিতে পরিদর্শিত বা তল্লাশীকৃত বা আটককৃত পরিবহনের নম্বর, পণ্যের নাম, পরিমাণ ও মূল্য, সরবরাহকারী ও গ্রহীতার নাম, ইত্যাদি সম্পর্কিত তথ্যাদি নিয়ন্ত্রণকারী কর্মকর্তা বা, ক্ষেত্রমত, আদেশ দানকারী কর্মকর্তা তাহার কার্যালয়ে একটি রেজিস্টারে সংরক্ষণ করিবেন।";

(৪) বিধি -১১ এর পর নিম্নরূপ নূতন বিধি (১১ক) সন্নিবেশিত হইবে, যথাঃ-

"১১ক। **বাণিজ্যিক আমদানিকারকের নিবন্ধন।**- (১) বিধি ১১ এ উল্লিখিত বিধানাবলী সত্ত্বেও, বাণিজ্যিক আমদানিকারক এক বৎসরের জন্য নিবন্ধিত হইবেন এবং মেয়াদান্তে সংশ্লিষ্ট বাণিজ্যিক আমদানিকারকের আবেদনের ভিত্তিতে বৎসর ভিত্তিক নবায়ন যোগ্য হইবে;

(২) নবায়নের ক্ষেত্রে প্রতিটি আবেদন 'মূসক-৬ক' তে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট মেয়াদ উত্তীর্ণ হওয়ার অন্যুন ত্রিশ দিন পূর্বে দাখিল করিতে হইবে;

(৩) বিভাগীয় কর্মকর্তা স্বয়ং অথবা তাহার অধঃস্তন কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা কর্তৃক আবেদনপত্র পরীক্ষা ও তদন্তপূর্বক আবেদনপত্রে তথ্যাদি সম্পর্কে নিশ্চিত হইয়া আবেদনকারীর মূসক নিবন্ধনপত্রে (ফরম "মূসক-৮")

"নিবন্ধন নং ................................., ................., মেয়াদে নবায়ন করা হইল" উল্লেখ্য সীল ব্যবহার এবং স্বীয় স্বাক্ষর ও নামীয় সীল প্রদান করিয়া নিবন্ধনপত্রটি নবায়ন করিবেন।";

(৫) বিধি ১৩ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১৩ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-
"১৩। নিবন্ধনপত্র ইত্যাদি প্রদর্শন।- যে কোন নিবন্ধিত ব্যক্তি-

(ক) যে অঙ্গন হইতে পণ্য সরবরাহ বা সেবা প্রদান বা পণ্য আমদানী বা রপ্তানী করেন সেই অঙ্গনে তিনি তাহার নিবন্ধনপত্র এবং বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্দেশিত অন্য যে কোন আদেশ, বিজ্ঞপ্তি, পোষ্টার বা অন্য কোন কাগজপত্র বাঁধানো অবস্থায় বা, ক্ষেত্রমত, দেওয়ালে সাঁটানো অবস্থায় এমনভাবে সংরক্ষণ করিবেন যাহাতে উহা সহজেই দৃষ্টিগোচর হয়;

(খ) তাহার উৎপাদনস্থল বা সেবা প্রদানস্থল বা ব্যবসায় স্থলের পরিচিতিমূলক সাইনবোর্ড বা ফলকে তাহার নিবন্ধন সংখ্যা এমন হরফে লিপিবদ্ধ করিয়া রাখিবেন যাহাতে সহজে দৃষ্টিগোচর হয়।

(৬) বিধি ১৭ক এর উপ-বিধি (১) এর প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথাঃ-
"তবে শর্ত থাকে যে, -

(ক) পণ্য সরবরাহ বা সেবা প্রদানের পর তাহা সম্পূর্ণ বা আংশিকভাবে ফেরত গ্রহণের ক্ষেত্রে পণ্য বা সেবা কারখানা বা ব্যবসায়স্থল হইতে অপসারণের ত্রিশদিন পর ফেরত গৃহীত হইলে;

(গ) পণ্যের গুনগত মান খারাপ হওয়ার কারণে সরবরাহকৃত পণ্য বা সেবা প্রত্যাহার করা হইলে;

উক্ত নিবন্ধিত ব্যক্তির ক্ষেত্রে এই বিধি প্রযোজ্য হইবে না।";

(৭) বিধি ১৮ এর উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(২) বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক আমদানিকৃত পণ্য সরবরাহকালে চালানপত্রের তিনটি অনুলিপি তৈরী করিতে হইবে, তন্মধ্যে-

(ক) মূল অনুলিপিটি পণ্যের ক্রেতাকে প্রদান করিতে হইবে;

(খ) দ্বিতীয় অনুলিপিটি পণ্য সরবরাহের বাহাত্তর ঘন্টার মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে জমা প্রদান করিতে

হইবে; এবং

(গ) তৃতীয় অনুলিপিটি চালানপত্র পুস্তকে সংযুক্ত অবস্থায় অন্যূন চার বৎসর সংরক্ষণ করিতে হইবে।";

(৮) বিধি ১৯ এর –

(ক) উপ-বিধি (১) এর পর নূতন উপ-বিধি (১ক) সন্নিবেশিত হইবে, যথাঃ-

"(১ক) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, করযোগ্য পণ্য উৎপাদন বা সরবরাহ বা করযোগ্য সেবা প্রদানের সহিত সম্পৃক্ত এইরূপ স্থান, স্থাপনা বা অঙ্গনে ব্যবহৃত-

(ক) বীমা, গ্যাস ও বিদ্যুৎ বিতরণের উপর পরিশোধিত মূল্য সংযোজন করের আশি শতাংশ; এবং

(খ) টেলিফোন, টেলিপ্রিন্টার, ফ্যাক্স, ইন্টারনেট, ফ্রেইট ফরোয়ার্ডার্স, ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং এজেন্ট, ওয়াসা, অডিট ও একাউন্টিং ফার্ম, যোগানদার, সিকিউরিটি সার্ভিস, আইন পরামর্শক, পরিবহন ঠিকাদার ও ঋণপত্রের উপর পরিশোধিত মূল্য সংযোজন করের ষাট শতাংশ,

পরিমাণ রেয়াত গ্রহণ করা যাইবে।";

(খ) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(২) করযোগ্য পণ্য সরবরাহের ক্ষেত্রে নিবন্ধিত ব্যক্তি তৎকর্তৃক ক্রীত উপকরণ, তাহার নিবন্ধন সংখ্যা সম্বলিত বিল অব এন্ট্রি অথবা চালানপত্রসহ সমুদয় উপকরণ পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন বা ব্যবসায়স্থলে প্রবেশের পর উক্ত উপকরণের উপর প্রদত্ত উপকরণ কর ফরম মূসক-১৮ তে প্রদর্শিত চলতি হিসাবের "রেয়াত" কলামে লিপিবদ্ধ করিবেন।";

(গ) উপ-বিধি (৩) এ উল্লিখিত "ট্রেজারী জমা ও রেয়াত" শব্দগুলির পরিবর্তে "রেয়াত" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(ঘ) উপ-বিধি (৪) এ উল্লিখিত "ট্রেজারী জমা ও রেয়াত" শব্দগুলির পরিবর্তে "রেয়াত" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(৯) বিধি ২২ এর উপ-বিধি (১) এর "উহা প্রাপ্তির দিন বা পরবর্তী কার্যদিবসের মধ্যে" শব্দগুলির পরিবর্তে "উহা প্রাপ্তির পরবর্তী দুই কার্যদিবসের মধ্যে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(১০) বিধি ৩১ বিলুপ্ত হইবে।

(১১) বিধি ৪০ এর উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(৩) উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদনপত্র বিভাগীয় কর্মকর্তা তাহার সন্তুষ্টি সাপেক্ষে ত্রিশ দিনের মধ্যে নিষ্পত্তির সিদ্ধান্ত প্রদান করিবেন।"।

১২। ফরম "মূসক-৫" এর পরিবর্তে নিম্নরূপ ফরম "মূসক-৫" প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

মূসক-৫

প্রাপ্তি রশিদ (আটকের ক্ষেত্রে)
[ বিধি ৭(৩) দ্রষ্টব্য ]

আমি ........................................ পদবী ........................... সার্কেল ........................ বিভাগ ...............

কমিশনারেট.................................অদ্য ................ইং তারিখ ................সময় ...............স্থানে

নিয়মিত টহল/ বিশেষ টহল/কারখানা পরিদর্শনকালে ........................................................

(প্রতিষ্ঠানের নাম) ................................................ ঠিকানা ................................................

করদাতা সনাক্তকরণ সংখ্যা .............................. এলাকা কোড ...................... প্রতিষ্ঠানের নিম্নলিখিত পণ্য চালানপত্র না থাকায়/চালানপত্র বহির্ভূত মালামাল থাকায়/দলিলপত্র প্রয়োজনীয় বিবেচনায়, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ/প্রতিনিধি/পরিবহনের নিবন্ধন সংখ্যা .................. এর চালক ........................... এর অধিকার হইতে আটক করিলাম।

| ক্রমিক সংখ্যা | দলিল বা পণ্যের নাম | পরিমাণ (মোড়কের সংখ্যাসহ) | আটকের কারণ |
|---|---|---|---|
| | | | |

ব্যবস্থাপনা কর্তৃপক্ষ/প্রতিনিধি/চালককে রশিদের একটি অনুলিপি প্রদান করা হইল/মালিক বিহীন অবস্থায় মালামাল আটক হওয়ায় অনুলিপি প্রদান করা হইল না।

তারিখ ......................

আটককারী কর্মকর্তার স্বাক্ষর

স্বাক্ষীর স্বাক্ষর .............................

নাম (স্পষ্টাক্ষরে) ..............................

নামঃ ............................................................

ঠিকানা ঃ ........................................................

মূল্য সংযোজন কর বিভাগ কর্তৃক পণ্য/দলিলপত্র আটক রশিদের অনুলিপি বুঝিয়া পাইলাম।

তারিখ ......................

ব্যবস্থাপনা কর্তৃপক্ষ/প্রতিনিধি/চালকের স্বাক্ষর

স্বাক্ষীর স্বাক্ষর .............................

নাম ও পদবী (স্পষ্টাক্ষরে) ..................

নামঃ ............................................

ড্রাইভিং লাইসেন্স নম্বর (চালকের ক্ষেত্রে) ঃ ................

ঠিকানা ঃ ................................................

ঠিকানা ঃ ................................................";

১৩। ফরম "মূসক-৬" এর পরিবর্তে নিম্নরূপ ফরম "মূসক-৬" প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

মূসক-৬

**"Government of the Peoples' Republic of Bangladesh**
**National Board of Revenue**
**Application Form for Registration/Enlistment**
**(VAT/ Turnover Tax/ Cottage Industry)**

Two Copies of attested Photograph of the Chairman/ Managing Director/ Proprietor and Authorised Signatory

1. Name of Organization / Individual

2. Type of Organization **[Use Tick mark]**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | Corporate (private) | | Corporate (public) | | Partnership | | Proprietorship |

2a. Name of Corporate or Group (if applicable)

3. Business Address

| | | | |
|---|---|---|---|
| Phone | | Fax | |
| E-mail Address | | | |

4. Factory Address

| | | | |
|---|---|---|---|
| Phone | | Fax | |
| E-mail Address | | | |

5. Head Office Address (if any)

| | | | |
|---|---|---|---|
| Phone | | Fax | |
| E-mail Address | | | |

6. Permanent Address of the Chairman/Managing Director/Proprietor

| | | | |
|---|---|---|---|
| Phone | | Fax | |
| E-mail Address | | | |

7. Bank Account No. of Company/Proprietor

| | | | |
|---|---|---|---|
| A/C No. | | | |
| Bank Name | | | |
| Branch Name | | Address | |
| E-mail Address | | | |

8. Subsidiary Units (if any)

| Sl. No. | Name | Address | BIN |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

9. Taxpayer Classification [*Use Tick mark (√) where applicable*]

| ***Tax Category*** | | ***Taxpayer Type*** | | ***Other Information*** |
|---|---|---|---|---|
| VAT | | Supplier (Manufacturer) | | Trade License No. ::<br>Authority ::<br>Fiscal Year :: |
| | | Supplier (Trader) | | |
| Turnover Tax<br>( Yearly/Quarterly/ Monthly ) | | Service Renderer | | Import Reg. No. ::<br>(Put an 'X' if exempted) |
| Cottage Industry | | Importer | | Export Reg. No. ::<br>(Put an 'X' if exempted) |
| Other | | Exporter | | |

10. Type of Registration: ☐ Unit ☐ Central (Franchise)

11. TIN :

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | - | | | - | | | | | |

12. Previous Registration/Enlistment Number (if any)

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | - | | | - | | | | | |

13. Item(s) to be produced and/or traded / Service(s) to be rendered :

| **Name** | **H. S. Code / Service Code** | **Probable yearly Turnover** |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

**General Instructions**

1. Application form must be filled in capital letters.
2. Registration Number (BIN #) cannot be allotted unless this application form is properly filled in.

I hereby declare that the information furnished above is true and complete.

| | |
|---|---|
| Position / Title | Name |
| Date | Signature |

**For Official Use Only**

| To be filled at the Issuing Office | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| Status of Application | | New | | Change | | Close | BIN |
| Effective Date of Registration | / | | / | | | | |
| Activity Code | | | | | | | |
| Application Category | | Mandatory | | | Optional | | Forced |
| Circle Code: | | | | | | | |
| Seal of the Office | | | | Name /Designation of Authorized Officer | | | |
| Date | | | | Signature | | | |

আবেদনকারীর জন্য নির্দেশনা

| ক্রমিক নম্বর | পূরণের বিষয় | পূরণের নির্দেশিকা |
|---|---|---|
| 1. | Name of organization/ individual | ব্যবসায় প্রতিষ্ঠানের পূর্ণ নাম লিখিতে হইবে। |
| 2a. | Name of Corporate/ group (if applicable) | প্রতিষ্ঠানটি যদি কর্পোরেট অথবা ব্যবসায়িক গ্রুপ হয় তবে উক্ত কর্পোরেট অথবা গ্রুপের নাম স্পষ্টভাবে লিখিতে হইবে। |
| 3. | Business Address | যে স্থানে করযোগ্য কার্যক্রম তথা ব্যবসায় পরিচালনা করা হইতেছে সেই স্থানের পূর্ণ ঠিকানা এবং টেলিফোন/ ফ্যাক্স নম্বর স্পষ্ট অক্ষরে লিখিতে হইবে। বাড়ী বা হোল্ডিং নং, সড়ক ও এলাকার নাম, ডাকঘর, থানা ও জেলার নাম এবং পোস্টকোড উল্লেখ করিতে হইবে। |
| 5. | Head Office Address | যদি প্রতিষ্ঠানটি একক মালিকানাধীন হয় তবে করযোগ্য কার্যক্রম পরিচালনাকারী বা ব্যবসায়ীর স্থায়ী ঠিকানা এবং টেলিফোন/ফ্যাক্স নম্বর স্পষ্টভাবে লিখিতে হইবে। যদি প্রতিষ্ঠানটি কর্পোরেট বা ব্যবসায় গ্রুপ হইয়া থাকে, তাহা হইলে প্রতিষ্ঠানটির মূল তথা রেজিস্টার্ড অফিসের পূর্ণ ঠিকানা এবং টেলিফোন/ফ্যাক্স নম্বর স্পষ্টভাবে লিখিতে হইবে। |
| 6. | Permanent Address | প্রতিষ্ঠানটি ব্যক্তি মালিকানাধীন বা অংশীদারী হলে মালিকের স্থায়ী ঠিকানা যেমনঃ গ্রাম, উপজেলা, ডাকঘর, জেলা এবং লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে চেয়ারম্যান/ এমডি/ইডি এর স্থায়ী ঠিকানা যেমনঃ গ্রাম, উপজেলা, ডাকঘর ও জেলা উল্লেখ করিতে হইবে। |
| 7. | Bank Account No. | ব্যক্তি মালিকানাধীন বা অংশীদারী প্রতিষ্ঠান হলে মালিক ও অংশীদারগণের এবং লিমিটেড কোম্পানী হলে কোম্পানীর তালিকাভূক্ত ব্যাংক বা ব্যাংক সমূহের হিসাব নম্বর উল্লেখ করিতে হইবে। |

| ক্রমিক নম্বর | পূরণের বিষয় | পূরণের নির্দেশিকা |
|---|---|---|
| 8. | Subsidiary Units | একক মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্ত মালিক আরও যে সকল প্রতিষ্ঠানের মালিক সেই সকল প্রতিষ্ঠানের, প্রাইভেট লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে পরিচালকবৃন্দের মালিকানাধীন/অংশীদারিত্বের সকল প্রতিষ্ঠানের এবং কর্পোরেট বা পাবলিক লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে উক্ত কোম্পানীর মালিকানাধীন সকল প্রতিষ্ঠানের তথ্য প্রদান করিতে হইবে। প্রয়োজনে আলাদা শীট ব্যবহার করা যাইবে। |
| 9. | Taxpayer Classification | Tax Category এর ডান পাশে একটি (√) চিহ্ন ও Taxpayer Type- এর ডান পাশে এক বা একাধিক(√) চিহ্ন দিন। ট্রেড লাইসেন্স নম্বর ও অর্থবছর অবশ্যই লিখিতে হইবে। আমদানী বা রপ্তানী হইতে অব্যহতি প্রাপ্ত হইলে রেজিস্ট্রেশন নম্বরের ডান পাশে একটি (×) চিহ্ন দিতে হইবে। |
| 11. | TIN | করযোগ্য কার্যক্রম পরিচালনাকারী বা করযোগ্য প্রতিষ্ঠানের আয়কর বিভাগ প্রদত্ত TIN (যদি থাকে) উল্লেখ করিতে হইবে। এ জন্য ১০টি ঘর রহিয়াছে, এক একটি ঘরে এক একটি সংখ্যা লিখিতে হইবে। |
| 13. | Item(s) to be produced and/or traded / Service(s) to be rendered : | আবেদনকারী যে পণ্য উৎপাদন করেন বা যে পণ্যের ব্যবসায় করিয়া থাকেন অথবা যে সেবা প্রদান করিয়া থাকেন তাহা উল্লেখ করিতে হইবে। টেবিলের ডান পার্শ্বে "Probable Yearly Turnover" ঘরে সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবার বিপরীতে প্রাপ্ত/প্রাপ্য মোট বার্ষিক বিক্রয়ের পরিমাণ লিখিতে হইবে। |

(১৪) ফরম "মূসক-৬" এর পর নিম্নরূপ নতুন ফরম "মূসক-৬ক" সংযোজিত হইবে, যথাঃ-

মূসক-৬ক

**"Government of the Peoples' Republic of Bangladesh**
**National Board of Revenue**
**Application Form for Renewal of Registration**
**(For Commercial Importers)**

Two Copies of attested Photograph of the Chairman/ Managing Director/ Proprietor and Authorised Signatory

1. Name of Organization / Individual

2. Type of Organization **[Use Tick mark]**

| | Corporate (private) | | Corporate (public) | | Partnership | | Proprietorship |
|---|---|---|---|---|---|---|---|

3. Name of Corporate or Group (if applicable)

4. Business Address

| | | | |
|---|---|---|---|
| Phone | | Fax | |
| E-mail Address | | | |

5. Head Office Address (if any)

| | | | |
|---|---|---|---|
| Phone | | Fax | |
| E-mail Address | | | |

6. VAT Registration Number

7. Registration Date :

8. Renewed up to (if previously renewed):

9. Type of Registration: ☐ Unit ☐ Central (Franchise)

10. TIN : | | | | - | | | - | | | |

11. Other Information:

| | |
|---|---|
| Trade License No.:<br>Authority:<br>Fiscal Year: | Import Reg. No.:<br>Renewed up to: |

12. Business information (of last 3 Fiscal Years) :

| Fiscal Year | H. S. Code | Item | Total Import Value |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

13. Change of any information given at the time of Registration:

| Sl. No. | Column No. of VAT Registration Application Form to be Replaced | Existing Entry to be Replaced by |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

**General Instructions**

1. Application form must be filled in capital letters.
2. Information provided in section 12 must be supported with proper import documents (e.g. Bills of Entry, Invoice etc.). Separate page(s) can be used in case of excess information.
3. Change of any information must be supported with proper documents.

I hereby declare that the information furnished above is true and complete.

| | |
|---|---|
| Position / Title | Name |
| Date | Signature |

**For Official Use Only**
[Use Tick mark]

<table>
<tr><th colspan="2">1. To be filled in by the Verifying Officer</th><th>2. To be filled in by the Division Office</th></tr>
<tr><td colspan="2">The informations provided above are found to be true/ untrue after verification; untrue informations (if any ) are given in the following box:</td><td>BIN</td></tr>
<tr><td>Column No.</td><td>Comments</td><td>☐ Renewal application rejected as per report of the verifying officer<br>Or<br>☐ Above BIN is renewed for fiscal year ................ and shall remain valid up to the<br>Date of    /    /</td></tr>
<tr><td colspan="2">Signature, date and seal of the verifying officer</td><td>Signature, date and seal of the Divisional Officer</td></tr>
</table>

(১৫) ফরম "মূসক-১১" এর পরিবর্তে নিম্নরূপ ফরম "মূসক-১১" প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

মূসক-১১

চালানপত্র
[বিধি ১৬(১) দ্রষ্টব্য]

ব্যবসায় প্রতিষ্ঠানের নাম :
ঠিকানা :
করদাতা সনাক্তকরণ সংখ্যা :

ক্রেতার নাম :
ঠিকানা :
করদাতা সনাক্তকরণ সংখ্যা[১] :

পণ্য/সেবার চূড়ান্ত গন্তব্য স্থল[২] :
যানবাহনের প্রকৃতি এবং নম্বর :

চালানপত্রের ক্রমিক সংখ্যা :
চালানপত্র প্রদানের তারিখ :
[৩]চালানপত্র প্রদানের সময় :

[৩]পণ্য অপসারণের/অর্পণের বা সেবা প্রদানের প্রকৃত তারিখ ও সময় :

| ক্রমিক সংখ্যা | পণ্য/সেবার নাম৪ | পরিমাণ[৫] | সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য | সম্পূরক শুল্কের পরিমাণ | মূল্য সংযোজন কর আরোপযোগ্য মূল্য [কলাম (৪)+(৫)] | মূল্য সংযোজন করের পরিমাণ | সম্পূরক শুল্ক ও মূসকসহ মোট মূল্য |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | |

১। শুধুমাত্র নিবন্ধিত ক্রেতাকে পণ্য সরবরাহ বা সেবা প্রদান করা হইলেই ক্রেতার নাম, ঠিকানা ও করদাতা সনাক্তকরণ সংখ্যা উল্লেখ করিতে হইবে।

২। পণ্য/সেবার চূড়ান্ত গন্তব্য স্থল ক্রেতার ঠিকানা হইতে পৃথক হইলে শুধুমাত্র প্রযোজ্য হইবে।

৩। চালান পত্র প্রদানের সময়, পণ্য অপসারণের/অর্পণের বা সেবা প্রদানের প্রকৃত তারিখ ও সময় অঙ্কে ও কথায় লিখিতে হইবে।

৪। সরাসরি অথবা প্রচ্ছন্ন রপ্তানি হইলে রপ্তানি ঋণপত্র অথবা অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্র অথবা স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের ক্ষেত্রে কার্যাদেশের নম্বর ও তারিখ (ব্যাংকের নামসহ) ইত্যাদি তথ্য কলাম (২) এর তথ্যের সহিত উল্লেখ করিতে হইবে।

৫। এই কলামে পণ্য/সেবার পরিমাণ অঙ্কে ও তার নীচে কথায় লিখিতে হইবে।

বিক্রেতার স্বাক্ষর ও তারিখ"।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ মোঃ আব্দুল কাফী ]
প্রথম সচিব
মূসক [ নীতি ও বাজেট ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭শে জ্যৈষ্ঠ, ১৪১১/১০ই জুন, ২০০৪।

এস,আর,ও নং–১৬৩–আইন/২০০৪/৪০৯–মূসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২৯ শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাং মোতাবেক ১২ই জুন, ২০০৩ইং তারিখের প্রজ্ঞাপন নং এস.আর,ও. ১৬৫-আইন/২০০৩/৩৭৩-মূসক রহিতক্রমে, নিম্নে বিধৃত–

(ক) টেবিল -১ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে আমদানি পর্যায়ে;

(খ) টেবিল-২ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে আমদানি ও উৎপাদন পর্যায়ে;

(গ) টেবিল -৩ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে উৎপাদন পর্যায়ে; এবং

(ঘ) টেবিল-৪ এ উল্লিখিত মূল্য সংযোজন কর আরোপযোগ্য কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোড এবং কলাম (৩) এ বর্ণিত সেবা প্রদানকারী কর্তৃক প্রদত্ত সেবাকে—

উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ–

টেবিল - ১ (আমদানি পর্যায়)

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of Goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০৩.০৬ | ০৩০৬.২১.১১ | Rock lobster and other sea craw fish (Palinurus spp., panulirus spp., jasus spp.) Live Pona |
| | ০৩০৬.২২.১১ | Lobsters (Homarus spp.) Live Pona |
| | ০৩০৬.২৩.১১ | Shrimps and prawns Live Pona |
| | ০৩০৬.২৪.১১ | Crabs Live Pona |
| | ০৩০৬.২৯.১১ | Other, including flours, meals and pellets of crustaceans, fit for human consumption Live Pona |
| ০৭.০৯ | ০৭০৯.৯০.১২ | Other: Sweet corn wrapped/canned |
| ০৭.১২ | ০৭১২.৯০.১২ | Other vegetables; mixtures of vegetables: Sweet corn wrapped/canned |
| ১০.০২ | ১০০২.০০.২০ | Rye. wrapped/canned |
| ১০.০৩ | ১০০৩.০০.১০ | Barley. Excluding wrapped/canned |
| | ১০০৩.০০.২০ | Barley. wrapped/canned |
| ১০.০৪ | ১০০৪.০০.২০ | Oats. Barley. wrapped/canned |
| ১০.০৫ | ১০০৫.১০.১০<br>১০০৫.১০.২০ | Maize Seed, (বীজ হিসাবে রপ্তানিকারক দেশের প্রত্যয়ন প্রদানের শর্তে) |
| | ১০০৫.৯০.২০ | Other wrapped/canned |
| ১০.০৭ | ১০০৭.০০.১০<br>১০০৭.০০.২০ | Sorghum Seed, (বীজ হিসাবে রপ্তানিকারক দেশের প্রত্যয়ন পত্র প্রদানের শর্তে) |
| ১২.০৯ | ১২০৯.১০.০০ | Seeds, fruit and spores, of a kind used for sowing. Sugar beet seed |
| ২৩.০৯ | ২৩০৯.৯০.০০ | পশু খাদ্যের পুষ্টি প্রিমিক্স |
| ২৫.০৩ | ২৫০৩.০০.০০ | রক সালফার |
| ২৫.১০ | ২৫১০.২০.১০ | রক ফসফেট |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of Goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২৭.১১ | ২৭১১.১২.০০<br>২৭১১.১৩.০০ | এল পি গ্যাস |
| ২৮.১৮ | ২৮১৮.২০.০০ | Aluminium Oxide, other than artificial corundum |
| ২৮.৩৩ | ২৮৩৩.২৯.২০ | ফেরাস সালফেট |
| ২৯.৩৬ | সকল এইচ,এস,কোড | প্রোভিটামিনস ও ভিটামিন |
| ২৯.৩৭ | ২৯৩৭.২৩.১০ | Desogestrel ethinyloestradiol and lynestrenal |
| ৩০.০১ | সকল এইচ,এস,কোড | গ্রন্থি এবং অন্যান্য অঙ্গ |
| | ৩০০১.৯০.৯০ | Glands and other organs for organotherapeutic uses, dried, whether or not powdered; extracts of glands or other organs or of their secretions for organotherapeutic uses; heprain and its salts; other human or animal substances prepared for therapeutic or prophylactic uses, not elsewhere specified or included. Other<br>Other |
| ৩০.০২<br>৩০.০৩<br>৩০.০৪ | ৩০০২.১০.১০<br>৩০০২.১০.৯০<br>৩০০২.২০.০০<br>৩০০২.৩০.০০<br>৩০০২.৯০.০০<br>৩০০৩.১০.০০<br>৩০০৩.২০.০০<br>৩০০৩.৩১.০০<br>৩০০৩.৩৯.১০<br>৩০০৩.৩৯.২০<br>৩০০৩.৪০.১০ | ম্যালেরিয়া নিরোধক, যক্ষ্মা নিরোধক, ক্যান্সার নিরোধক, কুষ্ঠরোগ নিরোধক ঔষধসমূহ, ইন্সুলিন, এন্টিবায়োটিক, ছেরা (Sera) টক্সিন ও কার্ডিওভাসকুলার ঔষধসমূহ, এন্টি হেপাটিক, এন্টি হেপাটিক এনসেফালোপ্যাথি (encephalo-pathy); ভ্যাকসিন্স ফর হিউম্যান মেডিসিন, ভ্যাকসিন্স ফর ভেটেরীনারি মেডিসিন, অন্যান্য ; হোমিওপ্যাথিক, বায়োকেমিক ও সাইকোট্রপিক ঔষধসমূহ (শুধুমাত্র ফ্লুফেনাজিন ডেকানোয়েট, ফ্লুফেনথিকসল ডেকানোয়েট, ফসুফেনাথিকসল ডেকানোয়েট) ; এনাসথেটিক, সাধারণ ও লোকাল, ইথার এনাসথেটিক |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of Goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | ৩০০৩.৪০.২০<br>৩০০৩.৯০.৯১<br>৩০০৩.৯০.৯২<br>৩০০৪.১০.০০<br>৩০০৪.২০.০০<br>৩০০৪.৩১.০০<br>৩০০৪.৩২.০০<br>৩০০৪.৩৯.১০<br>৩০০৪.৩৯.২০<br>৩০০৪.৪০.১০<br>৩০০৪.৪০.২০<br>৩০০৪.৫০.০০<br>৩০০৪.৯০.১০<br>৩০০৪.৯০.৩০ | বিপি/ইউএসপি, ইথাইল ক্লোরাইড পিবি, সুকসামেথলিয়াস ব্রোমাইড/ ফ্লোরাইড, থাইওপেন্টন সোডিয়াম জাইলোকেইন / লিডোকেইন/ লিগুওকেইন, এডরেনালিনযুক্ত হউক বা না হউক, প্রোকেইন হাইড্রোক্লোরাইড, এডরেনালিন যুক্ত হউক বা না হউক, কাইটামাইন হাইড্রোক্লোরাইড, কিডনী রোগের ডায়ালিসিস ফ্লুইড এবং কিডনী সংযোজনের জন্য সাইক্লোসপরিন ঔষধ; |
| ৩১.০১ | ৩১০১.০০.০০ | Animal or vegetable fertilisers, whether or not mixed together or chemically treated; fertilisers produced by the mixing or chemical treatment of animal or vegetable products. |
| ৩২.১৫ | ৩২১৫.৯০.১০ | কম্পিউটার প্রিন্টারে ব্যবহার্য ইংক জেট, রিফিল কিটস্ |
| ৩৯.০৭ | ৩৯০৭.৬০.০০ | Poly (ethylene terephthalate)<br>(Pet Chips-Textile/Filament grade) |
| ৩৯.১৪ | ৩৯১৪.০০.০০ | Ion-exchangers based on polymers of Heading Nos. 39.01 to 39.13, in primary forms. |
| ৩৯.১৭ | ৩৯১৭.২৯.২০ | Other: hoses for gas cylinder |
| ৩৯.২১ | ৩৯২১.৯০.২০ | প্লাষ্টিক ফিল্ম মেটালাইজড/কোটেড উইথ এ্যালুমিনিয়াম ডাষ্ট/ইয়ার্ণ গ্রেড লেকারড - ১২ মাইক্রোন পুরুত্ব, ১৬৫ মি. মি. - ১৭০ মি. মি. প্রস্থ এবং ৬০০০ মিঃ - ৭০০০ মিঃ এর রোল |
| ৪৪.২১ | ৪৪২১.৯০.১০ | ম্যাচ স্প্লিন্ট |
| ৫০.০২ | ৫০০২.০০.০০ | কাঁচা রেশম (পাকাইবার উপযোগী নহে) |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of Goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৫২.০২ | ৫২০২.৯৯.১০ | তুলার বর্জ্য |
| ৭১.০৮ | ৭১০৮.১৩.০০ | গোল্ড বুলিয়ান [ কেবলমাত্র যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০০০ এর আওতায় আমদানির ক্ষেত্রে প্রযোজ্য ] |
| ৮৪.৩৪ | ৮৪৩৪.২০.০০ | ডেয়ারী মেশিনারী |
| ৮৪.৩৬ | সকল এইচ,এস,কোড | Other agricultural, horticultural, forestry, poultry-keeping or bee-keeping machinery, including germination plant fitted with mechanical or thermal equipment, poultry incubator and brooders |
| ৮৪.৪৪ | ৮৪৪৪.০০.০০ | Machines for extruding, drawing, texturing or cutting man-made textile materials |
| ৮৪.৪৫ | সকল এইচ,এস,কোড | Machines for preparing textile fibres; spinning, doubling or twisting machines and other machinery for producing textile yarns, textile reeling or winding (including weft-winding) machines and machines for preparing textile yarns for use on the machines of heading No 84.46, or 84.47 |
| ৮৪.৪৬ | সকল এইচ,এস,কোড | Weaving machines (looms) |
| ৮৪.৪৭ | সকল এইচ,এস, কোড | Knitting machines, stitch-bonding machines and machines for making gimped yarn, tulle, lace, embroidery, trimmings, braid or net and machines for tufting |
| ৮৪.৮১ | ৮৪৮১.৪০.০০ | Safety or relief valves |
| ৮৫.০১ | সংশ্লিষ্ট এইচ,এস,কোড | ফটো ভোল্টায়িক জেনারেটর |
| ৮৫.২৫ | ৮৫২৫.২০.২১ | Cellular/Mobile telephone |
| ৮৫.২৭ | ৮৫২৭.১২.১০ | টু-ইন-ওয়ান (সম্পূর্ণ তৈরী অবস্থায়) [কেবলমাত্র যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০০০ এর আওতায় আমদানির ক্ষেত্রে প্রযোজ্য] |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of Goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৮৫.৪২ | ৮৫৪২.১০.০০ | Cards incorporating an electronic integrated circuit (smart cards) |
| ৮৭.০২ | ৮৭০২.১০.৫০ | সিকেডি বাস |
| | ৮৭০২.৯০.১১ | সিএনজি চালিত ডাবল ডেকার |
| | ৮৭০২.৯০.২১ | সিএনজি চালিত ৪০ বা তদুর্ধ্ব সীটের সাধারণ বাস |
| ৮৭.০৬ | ৮৭০৬.০০.২১ | ডাবল ডেকার এর ইঞ্জিনসহ চেসিস |
| | ৮৭০৬.০০.২২ | ৪০ বা তদুর্ধ্ব সীটের বাস এর ইঞ্জিনসহ চেসিস |
| | ৮৭০৬.০০.২৩ | ড্রাইভারসহ অনুর্ধ্ব ১৫ আসন বিশিষ্ট পাবলিক ক্যারিয়ার এর ইঞ্জিনসহ চেসিস |
| | ৮৭০৬.০০.২৯ | ৮৭.০২ হেডিংভুক্ত অন্যান্য বাহনের ইঞ্জিনসহ চেসিস |
| ৮৭.১৩ | ৮৭১৩.১০.০০ | ইনভ্যালিড ক্যারেজ (হুইল চেয়ার) |
| ৮৮.০২ | সকল এইচ,এস,কোড | সকল পণ্য |
| ৯০.১৮ | ৯০১৮.৩২.০০ | Fistula needles, Needles, Catheters, Caunulae and the like: Tubular metal needles and needles for sutures. |
| | ৯০১৮.৯০.৪০ | Other instruments and appliances: Angiographic Cathetere wire, Guidy Cathetere wire, Sheath, Baloons, Stents. |
| | ৯০১৮.৯০.৯০ | Other instruments and appliances |
| ৯০.২১ | ৯০২১.২৯.০০ | ..... Other |
| | ৯০২১.৩১.০০ | ..... Artificial joints |
| | ৯০২১.৩৯.০০ | ..... Other |
| ৯০.৩২ | ৯০৩২.৮১.০০ | Regulator for gas cylinder. |
| ৯১.০১ | ৯১০১.১৯.১০ | Watches specially designed for the used of the blind |
| | ৯১০১.২৯.১০ | |
| | ৯১০১.৯১.১০ | |
| | ৯১০১.৯৯.১০ | |
| ৯১.০২ | ৯১০২.১১.১০ | |
| | ৯১০২.১৯.১০ | |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of Goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | ৯১০২.২১.১০<br>৯১০২.২৯.১০<br>৯১০২.৯১.১০<br>৯১০২.৯৯.১০ | |
| ৯৪.০২ | ৯৪০২.৯০.১০ | হাসপাতাল শয্যা |

## টেবিল - ২ (আমদানি ও উৎপাদন পর্যায়)

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০৭.০১ | ০৭০১.১০.১২<br>০৭০১.৯০.১২ | আলু বীজ (বীজ হিসাবে রপ্তানিকারক দেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র প্রদানের শর্তে, প্যাকেটজাত হউক বা না হউক) |
| ০৯.০৪ | ০৯০৪.২০.১০ | শুকনা মরিচ |
| ১০.০১ | ১০০১.১০.২০<br>১০০১.৯০.১২ | গম বীজ (বীজ হিসাবে রপ্তানিকারক দেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র প্রদানের শর্তে, প্যাকেটজাত হউক বা না হউক) |
| ১০.০৬ | ১০০৬.১০.২০<br>১০০৬.২০.০০<br>১০০৬.৩০.০০<br>১০০৬.৪০.০০ | সকল প্রকার চাউল, সকল প্রকার ধান বীজ (বীজ হিসাবে রপ্তানিকারক দেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করার শর্তে, প্যাকেটজাত হউক বা না হউক) |
| ১১.০১ | ১১০১.০০.০০ | গম এর ময়দা বা আটা |
| ১১.০২ | প্রযোজ্য এইচ,এস,কোড | গম বা মেসলিন ব্যতীত অন্যান্য পণ্যের ময়দা বা আটা |
| ১২.০৮ | ১২০৮.১০.০০ | Full Fat Soyabean |
| ১৫.১৪ | ১৫১৪.১১.১০<br>১৫১৪.১৯.১০ | সরিষার তৈল |
| ২৩.০১ | ২৩০১.১০.১০<br>২৩০১.১০.২০ | মাংস বা মাংসের বর্জ্যের গুড়া, ক্ষুদ্র দানাকৃত খাবার, গলিত চর্বি, গাদ |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | ২৩০১.২০.০০ | Animal feed হিসাবে ব্যবহার্য কঠিন খোলসযুক্ত জলজ প্রাণীর (যেমন, কাঁকড়া) বা অন্যান্য জলজ অমেরুদন্ডী প্রাণীর গুড়া খাবার ও পেলেটস |
| ২৩.০২ | ২৩০২.১০.০০ | দানাদার হওয়া বা না হওয়া নির্বিশেষে চালুনি, পেষা বা অন্য কোন ভাবে প্রাপ্ত ভুট্টার ভুষি, তুষ, বা অন্য কোন অবশিষ্ট |
| | ২৩০২.২০.০০ | দানাদার হওয়া বা না হওয়া নির্বিশেষে চালুনি, পেষা বা অন্য কোন ভাবে প্রাপ্ত ধানের ভুষি, তুষ, বা অন্য কোন অবশিষ্ট |
| | ২৩০২.৩০.০০ | দানাদার হওয়া বা না হওয়া নির্বিশেষে চালুনি, পেষা বা অন্য কোন ভাবে প্রাপ্ত গমের ভুষি, তুষ, বা অন্য কোন অবশিষ্ট |
| | ২৩০২.৪০.০০ | দানাদার হওয়া বা না হওয়া নির্বিশেষে চালুনি, পেষা বা অন্য কোন ভাবে প্রাপ্ত অন্যান্য সিরিয়াল এর ভুষি, তুষ, বা অন্য কোন অবশিষ্ট |
| | ২৩০২.৫০.০০ | দানাদার হওয়া বা না হওয়া নির্বিশেষে চালুনি, পেষা বা অন্য কোন ভাবে প্রাপ্ত লিগুমিনাস উদ্ভিদের ভুষি, তুষ, বা অন্য কোন অবশিষ্ট |
| ২৩.০৩ | ২৩০৩.১০.০০ | শ্বেতসার বা সমজাতীয় উৎপাদনের অবশিষ্ট |
| ২৩.০৪ | ২৩০৪.০০.০০ | দানাদার বা গুড়া হওয়া বা না হওয়া নির্বিশেষে সয়াবিন হইতে তৈল নিষ্কাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট |
| ২৩.০৫ | ২৩০৫.০০.০০ | দানাদার বা গুড়া হওয়া বা না হওয়া নির্বিশেষে চীনা বাদাম হইতে তৈল নিষ্কাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট |
| ২৩.০৬ | ২৩০৬.১০.০০ | দানাদার বা গুড়া হওয়া বা না হওয়া নির্বিশেষে তুলা বীজ হইতে তৈল নিষ্কাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট (হেডিং ২৩.০৪ ও ২৩.০৫ এর আওতাভুক্ত একই জাতীয় পণ্য ব্যতীত) |
| | ২৩০৬.২০.০০ | দানাদার বা গুড়া হওয়া বা না হওয়া নির্বিশেষে তিষী বীজ হইতে তৈল নিষ্কাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট (হেডিং ২৩.০৪ ও ২৩.০৫ এর আওতাভুক্ত একই জাতীয় পণ্য ব্যতীত) |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | ২৩০৬.৩০.০০ | দানাদার বা গুড়া হওয়া বা না হওয়া নির্বিশেষে সূর্যমূখীর বীজ হইতে তৈল নিষ্কাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট (হেডিং ২৩.০৪ ও ২৩.০৫ এর আওতাভুক্ত একই জাতীয় পণ্য ব্যতীত) |
| | ২৩০৬.৪১.০০<br>২৩০৬.৪৯.০০ | দানাদার বা গুড়া হওয়া বা না হওয়া নির্বিশেষে সরিষা বা কোলজা বীজ হইতে তৈল নিষ্কাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট (হেডিং ২৩.০৪ ও ২৩.০৫ এর আওতাভুক্ত একই জাতীয় পণ্য ব্যতীত) |
| | ২৩০৬.৫০.০০ | কোপরা ওয়েষ্ট |
| | ২৩০৬.৬০.০০ | পাম নাট বা কার্ণেল এর খৈল ও অন্যান্য অবশিষ্ট |
| | ২৩০৬.৯০.০০ | দানাদার বা গুড়া হওয়া বা না হওয়া নির্বিশেষে অন্যান্য বীজ হইতে তৈল নিষ্কাশনের সময় প্রাপ্ত খৈল বা অন্যান্য কঠিন অবশিষ্ট (হেডিং ২৩.০৪ ও ২৩.০৫ এর আওতাভুক্ত একই জাতীয় পণ্য ব্যতীত) |
| ২৩.০৮ | ২৩০৮.১০.০০ | ওক বৃক্ষের ফল এবং বাদাম |
| | ২৩০৮.৯০.০০ | অন্যান্য |
| ২৩.০৯ | ২৩০৯.৯০.০০ | অন্যান্য |
| ২৯.২২ | ২৯২২.৪১.০০ | লাইসিন এবং ইহার এস্টারসমূহ: ইহার লবণসমূহ |
| ২৯.২৩ | ২৯২৩.১০.০০ | কোলিন (Choline) এবং ইহার লবণসমূহ |
| ২৯.৩০ | ২৯৩০.৪০.০০ | মিথিওনাইন (Methionine) |
| ৩০.০২<br>৩০.০৩<br>৩০.০৪<br>৩০.০৬ | সংশ্লিষ্ট এইচ,এস,কোড | সকল প্রকার জন্ম নিরোধক |
| ৩১.০১ হইতে ৩১.০৫ | সংশ্লিষ্ট এইচ,এস,কোড | রাসায়নিক সার |
| ৩৭.০৭ | ৩৭০৭.১০.১০<br>৩৭০৭.৯০.১০ | কম্পিউটার প্রিন্টারের জন্য টোনার কার্টিজ |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৩৮.০৮ | ৩৮০৮.১০.১০<br>৩৮০৮.২০.১১<br>৩৮০৮.৩০.১০<br>৩৮০৮.৪০.১০<br>৩৮০৮.৯০.১০ | কৃষিকার্যে ব্যবহার্য ইনসেকটিসাইড, ফাংগিসাইডস, হারবিসাইডস, এন্টিস্প্রাউটিং প্রোডাক্টস, প্লান্ট গ্রোথ রেগুলেটর, ডিজইনফেকট্যান্টস এবং কৃষিকাজে ব্যবহারযোগ্য অনুরূপ অন্যান্য পণ্যাদি ও কাঁচামাল |
| ৪০.১৪ | ৪০১৪.১০.০০ | Sheath Contraceptives (কনডম) |
| ৪১.০৪ হইতে ৪১.০৭ | সংশ্লিষ্ট এইচ.এস.কোড | পিকল্ড, ওয়েট ব্লু ও ক্রাসড চামড়া |
| ৪৪.০৪<br>৪৪.০৬<br>৪৪.০৭ | সংশ্লিষ্ট এইচ.এস.কোড | সকল প্রকার চেরাই কাঠ |
| ৪৯.০১<br>৪৯.০২<br>৪৯.০৩ | সংশ্লিষ্ট এইচ.এস.কোড | পুস্তক, পুস্তিকা, সংবাদপত্র, পত্রিকা, সাময়িকী |
| ৫৫.০৩<br>৫৫.০৬ | ৫৫০৩.১০.০০<br>৫৫০৩.২০.০০<br>৫৫০৩.৩০.০০<br>৫৫০৬.১০.০০<br>৫৫০৬.২০.০০<br>৫৫০৬.৩০.০০ | পলিস্টার স্ট্যাপল ফাইবার, নাইলন স্ট্যাপল ফাইবার, সিনথেটিক টপ, এক্রিলিক স্ট্যাপল ফাইবার, মডাক্রিলিক স্ট্যাপল ফাইবার |
| ৫৬.০৫ | ৫৬০৫.০০.২০ | Lumi lurex yarn (জরি) |
| ৭৩.২১ | ৭৩২১.১২.০০ | কেরোসিন চুলা |
| ৮৪.২৪ | ৮৪২৪.৮১.১০<br>৮৪২৪.৮১.৯০<br>৮৪২৪.৮৯.০০ | কৃষি কার্যে ব্যবহার্য সকল প্রকার স্প্রেয়ার |
| ৮৪.৩২ | ৮৪৩২.৮০.১০ | Power Tiller |
| ৮৪.৭১ | সকল এইচ.এস.কোড | কম্পিউটার ও তার ইউনিটসমূহ এবং আনুষঙ্গিক যন্ত্রপাতি |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৮৪.৭৩ | ৮৪৭৩.৩০.০০ | কম্পিউটার ও তার ইউনিটসমূহ এবং আনুষঙ্গিক যন্ত্রপাতি |
| ৮৪.৭৯ | ৮৪৭৯.৮৯.২০ | Aerator used in pisiculture |
| ৮৫.১৭ | ৮৫১৭.৫০.১০ | কম্পিউটার মডেম |
| ৮৫.২৪ | প্রযোজ্য সকল এইচ,এস,কোড | কম্পিউটার সফ্টওয়্যার |
| ৮৭.০১ | সংশ্লিষ্ট এইচ,এস,কোড | Tractor (prime mover ব্যতীত) |
| ৯০.১৯ | ৯০১৯.২০.১০ | Oxygen therapy and artificial respiration apparatus, including heart/lung resuscitation units |
| ৯০.২১ | ৯০২১.৫০.০০ | Pacemaker for stimulating heart muscles |
| | ৯০২১.৯০.১০ | হার্ট ভাল্ব |
| ৯৪.০৫ | ৯৪০৫.৫০.১০ | হারিকেন বাতি |
| ৯৬.০৯ | ৯৬০৯.১০.০০ | কাঠ পেন্সিল |
| ৯৬.১২ | ৯৬১২.১০.১০ | কম্পিউটার রিবন |

## টেবিল - ৩ (উৎপাদন পর্যায়)

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০২.০১ থেকে ০২.১০ পর্যন্ত | প্রযোজ্য এইচ,এস,কোড | দেশে উৎপাদিত সকল প্রকার ভোজ্য কাঁচা মাংস (প্যাকেটকৃত হোক বা না হোক) |
| ০৩.০১ থেকে ০৩.০৭ পর্যন্ত | প্রযোজ্য এইচ,এস,কোড | দেশে উৎপাদিত সকল প্রকার ভোজ্য কাঁচা মাছ (প্যাকেটকৃত হোক বা না হোক) |
| ০৪.০১<br>০৪.০৩<br>০৪.০৪<br>০৪.০৫<br>০৪.০৬ | প্রযোজ্য এইচ,এস,কোড | প্যাকেটকৃত তরল দুধ, ঘি, মাখন, পনির, মাঠা, সাধারণ দই (মিষ্টি দই ব্যতীত) |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০৭.০১ থেকে ০৭.১৪ পর্যন্ত | প্রযোজ্য এইচ.এস.কোড | দেশে উৎপাদিত সকল প্রকার পিঁয়াজ, রসুন, শাকসব্জি কোন আকৃতি, প্রকৃতি ও গুনগত পরিবর্তন ব্যতিত (প্যাকেটকৃত হোক বা না হোক) |
| ০৯.০৪, ০৯.০৯ এবং ০৯.১০ | প্রযোজ্য এইচ.এস.কোড | দেশে উৎপাদিত সকল প্রকার মরিচ, আদা, ধনিয়া, হলুদ (প্যাকেটকৃত হোক বা না হোক) |
| ১০.০১ থেকে ১০.০৮ পর্যন্ত | প্রযোজ্য এইচ.এস.কোড | দেশে উৎপাদিত সকল প্রকার চাউল, গম, ভূট্টা, (প্যাকেটকৃত হোক বা না হোক) |
| ১১.০৩ | ১১০৩.১১.০০<br>১১০৩.১৯.০০ | চাল ও গমের তৈরী সুজি |
| ১৫.১২ | ১৫১২.১১.০০<br>১৫১২.১৯.০০ | Sunflower seeds oil (Crude and refined) |
| ১৭.০১ | ১৭০১.১১.০০ | আখ হইতে প্রস্তুত চিনি |
| | ১৭০১.৯৯.০০ | আখের গুড় |
| ১৯.০৫ | ১৯০৫.১০.০০<br>১৯০৫.২০.০০<br>১৯০৫.৯০.০০ | পাউরুটি, বনরুটি এবং এই ধরণের অন্যান্য রুটি |
| ২৩.০৩ | ২৩০৩.২০.০০ | বিটের মন্ড, চিনি উৎপাদন হইতে প্রাপ্ত আখের ছোবড়া বা অন্যান্য বর্জ্য |
| | ২৩০৩.৩০.০০ | চোলাই বা পাতন হইতে প্রাপ্ত তলানী ও বর্জ্য |
| ২৭.১১ | ২৭১১.১২.০০<br>২৭১১.১৩.০০ | এলপি গ্যাস (বোতল বা সিলিন্ডারজাতকারী কর্তৃক বাল্ক ক্রয়ের ক্ষেত্রে) |
| ৩০.০৬ | ৩০০৬.৬০.১০ | নিম্ন বর্ণিত জন্ম নিরোধক পিল, যথাঃ--<br>(ক) ওভস্ট্যাট<br>(খ) লিনভিয়ন ও<br>(গ) মার্ভেলন |
| ৩৮.০৮ | প্রযোজ্য এইচ.এস. কোড | ইঁদুর মারার বিষ |
| ৩৮.২৪ | ৩৮২৪.৯০.২০ | জিপসাম ড্রাই হাইড্রেট (সার হিসাবে ব্যবহারের জন্য) |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৩৯.২৪ | সংশ্লিষ্ট এইচ.এস. কোড | প্লাষ্টিকের তৈরী (মেলামাইন ব্যতীত) থালা বাসন, পেয়ালা, বাটি, মগ, জগ, গ্লাস, সজি ধোয়ার জন্য ব্যবহার্য জালি, গামলা, বালতি, খাবার ঢাকার ঢাকনি, স্কুলের বাচ্চাদের ব্যবহার্য পানির বোতল, ঝুড়ি ও টিফিন ক্যারিয়ার |
| ৪৮.০১ | ৪৮০১.০০.০০ | নিউজপ্রিন্ট (রোল অথবা শীট আকারে) |
| ৫০.০৪ | ৫০০৪.০০.০০ | রেশম সূতা |
| ৫৩.০৩<br>৫৩.০৭<br>৫৩.১০<br>৫৬.০১<br>৫৬.০২<br>৫৬.০৩<br>৫৬.০৭<br>৫৬.০৮<br>৫৭.০১<br>৫৭.০২<br>৫৭.০৩<br>৫৭.০৪<br>৫৭.০৫<br>৫৮.০১<br>৫৮.০২<br>৫৮.০৩<br>৬৩.০৫ | সংশ্লিষ্ট এইচ.এস.,কোড | পাটজাত পণ্য |
| ৬৪.০২ | ৬৪০২.২০.০০ | প্লাস্টিক ও রাবারের হাওয়াই চপ্পল এবং প্লাস্টিকের পাদুকা প্রতি জোড়া পঁয়তাল্লিশ টাকা মূল্যসীমা পর্যন্ত |
| ৭৩.২৩ | ৭৩২৩.৯১.০০ | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত কড়াই, তাওয়া |
| ৭৩.২৬ | ৭৩২৬.৯০.৯০ | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত জালের কাঠি |
| ৭৬.১৫ | সংশ্লিষ্ট এইচ.এস.কোড | এ্যালুমিনিয়াম ও এনামেলের তৈরী কিচেন বা অন্যান্য গৃহস্থালীর তৈজসপত্র, স্যানিটারী ওয়ার এবং যন্ত্রাংশ (প্রেসার কুকার ও উহার যন্ত্রাংশ ব্যতীত) |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৮২.০১ | ৮২০১.১০.০০ | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত কোদাল এবং বেলচা |
| ৮৪.০৯ | সংশ্লিষ্ট এইচ.এস. কোড | সেচ পাম্প ইঞ্জিনের যন্ত্রাংশ এবং ফিশিং ট্রলার ইঞ্জিনের যন্ত্রাংশ |
| ৮৪.১৩ | সংশ্লিষ্ট এইচ.এস. কোড | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত সেচ পাম্প ও উহার যন্ত্রাংশ |
| ৮৪.১৪ | ৮৪১৪.২০.০০<br>৮৪১৪.৯০.৯০ | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত হস্তচালিত টিউব ওয়েল ও উহার যন্ত্রাংশ |
| ৮৪.২৩ | ৮৪২৩.৯০.০০ | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত বাটখারা |
| ৮৪.৩৭ | ৮৪৩৭.৮০.১০<br>৮৪৩৭.৮০.২০ | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত রাইস হলার এবং হুইট ক্রাশার |
| | ৮৪৩৭.৯০.১০<br>৮৪৩৭.৯০.৯০ | ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত হলারের জালী, ব্লেড এবং বাটম |
| ৮৪.৪৮ | সংশ্লিষ্ট এইচ.এস.কোড | টেক্সটাইল ও জুট মিলের খুচরা যন্ত্রাংশ |
| ৮৪.৬৯ | প্রযোজ্য এইচ.এস. কোড | বাংলা, বাংলা-ইংরেজী দোভাষিক টাইপ রাইটার মেশিন |
| ৮৭.০৬ | ৮৭০৬.০০.২২ | ৪০ বা ততোধিক যাত্রির আসন বিশিষ্ট বাস (Buses for having seating capacity of 40 or more) |
| | ৮৭০৬.০০.২৯ | অন্যান্য (Others) |
| ৯৬.০৮ | ৯৬০৮.১০.০০ | বল পয়েন্ট পেন |

## টেবিল - ৪ (সেবাসমূহ)

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা সমূহ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| S০০১ | S০০১.১০ | হোটেল ও রেস্তোরাঁ ঃ |
| | S০০১.২০ | বাংলাদেশের অভ্যন্তরে সকল অস্থায়ী হোটেল ও রেঁস্তোরা। এক্ষেত্রে অস্থায়ী বলিতে বেষ্টনী বিহীন, বিদ্যুৎ ফ্যান বিহীন ও অনধিক দুইটি বৈদ্যুতিক বাতিযুক্ত হোটেল ও রেস্তোরাঁকে বুঝাইবে। |
| S০০৪ | S০০৪.০০ | নির্মাণ সংস্থাঃ<br>(ক) ৩০শে জুন, ১৯৯১ পর্যন্ত স্বাক্ষরিত সকল চুক্তির আওতাধীন নির্মাণ সংক্রান্ত কার্যক্রম এবং<br>(খ) ৩০শে জুন, ১৯৯১ পর্যন্ত জারীকৃত টেন্ডার সমূহের ভিত্তিতে ৩০ শে জুন, ১৯৯৩ পর্যন্ত স্বাক্ষরিত সকল চুক্তির আওতাধীন নির্মাণ সংক্রান্ত কার্যক্রম |
| S০০৬ | S০০৬.০০ | হিমাগার |
| S০০৭ | S০০৭.০০ | বিজ্ঞাপনী সংস্থা ঃ পত্রিকায় প্রকাশিত ক্লাসিফাইড বিজ্ঞাপন |
| S০০৮ | S০০৮.১০ | ছাপাখানাঃ পুস্তক, সাময়িকী ও ছাত্র-ছাত্রীদের শিক্ষামূলক দ্রব্যাদি মুদ্রণের চার্জের উপর |
| | S০০৮.২০ | বাঁধাই সংস্থা ঃ সকল প্রকার বাঁধাইয়ের চার্জের উপর |
| S০১০ | S০১০.১০ | ভূমি উন্নয়ন সংস্থা |
| S০১৪ | S০১৪.০০ | ইন্ডেন্টিং সংস্থা |
| S০১৫ | S০১৫.২০ | শতভাগ রপ্তানিমুখী প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানির ক্ষেত্রে প্রদত্ত সিএন্ডএফ কমিশনের উপর প্রদেয় মূল্য সংযোজন কর |
| S০১৬ | S০১৬.০০ | ট্রাভেল এজেন্সী |
| S০২১ | S০২১.০০ | প্লান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থার সম্পূর্ণ চার্জের উপর। |
| S০২৭ | S০২৭.০০ | বীমা কোম্পানী ঃ<br>বাংলাদেশে সমুদ্রগামী জাহাজের হাল বীমাকরণের ক্ষেত্রে এবং Private Sector Power Generation Company কর্তৃক ও রপ্তানির ক্ষেত্রে শতভাগ রপ্তানিমুখী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত বীমা প্রিমিয়ামের উপর প্রদেয় মূল্য সংযোজন কর |
| S০২৯ | S০২৯.২০ | দন্ত চিকিৎসা কেন্দ্র । |
| S০৩১ | S০৩১.০০ | পণের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক প্রদত্ত সকল সেবা |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা সমূহ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| S০৩৫ | S০৩৫.০০ | শতভাগ রপ্তানিমুখী প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানির ক্ষেত্রে প্রদত্ত শিপিং এজেন্ট এর কমিশনের উপর প্রদেয় মূল্য সংযোজন কর |
| S০৩৮ | S০৩৮.০০ | বিদেশী শিল্পী সহযোগে বিনোদন মূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজকঃ<br>একশত টাকার নিম্নে একক প্রবেশ মূল্য। |
| S০৪৪ | S০৪৪.০০ | বিশেষজ্ঞ ডাক্তার |
| S০৪৫ | S০৪৫.০০ | আইন পরামর্শক |
| S০৪৮ | S০৪৮.০০ | "পরিবহণ ঠিকাদার" শীর্ষক সেবা প্রদানকারী কর্তৃক প্রদত্ত শুধুমাত্র খাদ্যশস্য পরিবহণের সেবা। |
| S০৫৫ | S০৫৫.০০ | ভূমি বিক্রয়কারী |
| S০৫৭ | S০৫৭.০০ | শুধুমাত্র সেচ কাজে ব্যবহার্য বিদ্যুৎ। |
| S০৬৩ | S০৬৩.০০ | টেইলারিং সপ ও টেইলার্স (শীতাতপ নিয়ন্ত্রিত টেইলারিং সপ ও টেইলার্স ব্যতীত) এবং ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের এলাকাভুক্ত ক্ষুদ্র দর্জির দোকান |
| S০৬৪ | S০৬৪.০০ | পর্যটন স্থান বা স্থাপনা (ঐতিহাসিক স্থানসহ) |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ শেখ হাফিজুল কবির ]
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

তারিখ ঃ ২৭ শে জ্যৈষ্ঠ, ১৪১১/১০ ই জুন, ২০০৪।

এস,আর,ও, নং–১৬৪–আইন/২০০৪/৪১০–মূসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নে বিধৃত টেবিলের কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ উল্লিখিত নিম্নবর্ণিত পণ্য সমূহকে উৎপাদন পর্যায়ে উহাদের উপর আরোপনীয় সমূদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

টেবিল

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of Goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০৮.০২ | ০২০২.৯০.১০ | সুপারী |
| ২৪.০১ | ২৪০১.১০.০০ | অপ্রক্রিয়াজাত তামাক |
| ২৫.০১ | ২৫০১.০০.২১ | লবন, সকল ধরণের |
| ৫২.০২ হইতে ৫২.০৭ | সকল এইচ, এস, কোড | কটন ইয়ার্ন বর্জ্য, যাহা hardwaste নামে পরিচিত এবং যাহা কোন ধরণের কাপড় তৈরীতে ব্যবহার করা যায় না (অর্থ বছরে কারখানায় উৎপাদিত মোট ইয়ার্নের পরিমাণের সর্বোচ্চ আড়াই শতাংশ পর্যন্ত) |
| ৫২.০৮ হইতে ৫২.১২ | সকল এইচ, এস, কোড | ক) কটন ফেব্রিকস (যাহার মধ্যে ওজনভিত্তিতে কটনের ভাগ নব্বই শতাংশের বেশী) এবং যাহা এমন কারখানায় উৎপাদিত যে কারখানার বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড এই মর্মে নিশ্চিত হইয়াছে যে –<br>(i) উক্ত কারখানায় দুইটির অধিক পাওয়ার লুম নাই বা কোনো স্পিনিং প্ল্যান্ট, ওয়ার্প নিটিং মেশিন, রোলার লকার মেশিন বা এই ধরনের অন্য কোন মেশিন নাই, এবং |

(ii) উক্ত কারখানার মালিক, তাহার স্ত্রী বা স্বামী বা কোন অপরিণত বয়স্ক সন্তান বা তাহার উপর নির্ভরশীল কোন আত্মীয় উক্ত কারখানা হইতে কোন প্রত্যক্ষ বা পরোক্ষ আর্থিক সুবিধা ভোগ করেন না;

শর্ত থাকে যে, যদি কোনো কারখানায় দুইটির অধিক কিন্তু অনধিক চারটি পাওয়ার লুম থাকে, তবে নিম্নরূপ অতিরিক্ত কর পরিশোধ সাপেক্ষে অব্যাহতির যোগ্য হইবে, যথাঃ

(১) কারখানায় পাওয়ার লুমের সংখ্যা তিনটি হইলে মাসিক পঁচিশ টাকা হারে,

(২) কারখানায় পাওয়ার লুমের সংখ্যা চারটি হইলে মাসিক পঁচাত্তর টাকা হারে;

(খ) নিম্নবর্ণিত ফেব্রিকস, যথাঃ

i) Tapes and Braids

ii) লণ্ঠন, ল্যাম্প ও স্টোভের সলিতা

(গ) প্রক্রিয়াজাত কটন ফেব্রিকস, সকল ধরনের;

| | | |
|---|---|---|
| ৫৪.০১ হইতে ৫৪.১০, ৫৫.১২ হইতে ৫৫.১৬ | সংশ্লিষ্ট এইচ, এস, কোড | (ক) সম্পূর্ণরূপে কৃত্রিম (Man-made) আঁশ ও ইয়ার্ন,<br>(খ) কৃত্রিম আঁশের তৈরী ফেব্রিকস, যাহা বয়ন বা বুননকারী কারখানা ব্যতীত অন্য কোনো কারখানায় প্রক্রিয়াকৃত,<br>(গ) বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন এর নিকট নমুনা হিসাবে বিনামূল্যে সরবরাহকৃত অনধিক তিন বর্গমিটার ফেব্রিকস,<br>(ঘ) Tapes and Braids |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ শেখ হাফিজুল কবির ]
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭শে জ্যৈষ্ঠ, ১৪১১/১০ই জুন, ২০০৪।

এস,আর,ও নং –১৬৫–আইন/২০০৪/৪১১–মূসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ১১ই কার্তিক, ১৪০৭ বাং মোতাবেক ২৬শে অক্টোবর, ২০০০ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও ৩২৬–আইন/২০০০/২৯৫–মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের শর্তাংশের দফা (খ) এ উল্লিখিত "৩০শে জুন, ২০০৪ তারিখের" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে "৩০শে জুন, ২০০৫ তারিখের" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ খায়রুজ্জামান চৌধুরী ]
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭শে জ্যৈষ্ঠ, ১৪১১/১০ই জুন, ২০০৪।

এস,আর,ও নং–১৬৬–আইন/২০০৪/৪১২–মূসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) (অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, অত্র বিভাগের ২৯শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাং মোতাবেক ১২ই জুন, ২০০৩ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৬৬-আইন/২০০৩/৩৭৪-মূসক এবং একই বিভাগের ১৯শে অগ্রহায়ণ, ১৪১০ বাং মোতাবেক ৩রা ডিসেম্বর, ২০০৩ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৩৩৮-আইন/২০০৩/৩৯৭-মূসক রহিতক্রমে, নিম্নে বিধৃত-

(ক) টেবিল-১ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহ ব্যতীত উক্ত আইনের তৃতীয় তফসীলের প্রথম অংশে বর্ণিত পণ্যসমূহকে উৎপাদন পর্যায়ে;

(খ) টেবিল-২ এ উল্লিখিত মূল্য সংযোজন কর আরোপযোগ্য কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোড এবং কলাম (৩) এ বর্ণিত সেবা প্রদানকারী কর্তৃক প্রদত্ত সেবাকে-

উহাদের উপর আরোপনীয় সমুদয় সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

টেবিল-১

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০৪.০২ | ০৪০২.১০.১০<br>০৪০২.১০.২০<br>০৪০২.২১.১০<br>০৪০২.২১.২০ | গুড়া দুধ |
| ২২.০২ | ২২০২.১০.০০ | কোমল পানীয় |
| ২৪.০২ | সংশ্লিষ্ট এইচ,এস,কোড | তামাকযুক্ত সিগারেট, হাতে বা অযান্ত্রিক পদ্ধতিতে তৈরী বিড়িসহ |
| ২৭.১১ | ২৭১১.২১.০০ | প্রাকৃতিক গ্যাস, গ্যাসীয় অবস্থায় |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৩৩.০৪ | | সৌন্দর্য্য অথবা প্রসাধন সামগ্রী এবং ত্বক পরিচর্যার প্রসাধন সামগ্রী(ঔষধে ব্যবহৃত পদার্থ ব্যতীত), সানস্ক্রিন বা সান ট্যান সামগ্রী; হাত, নখ বা পায়ের প্রসাধন সামগ্রীসহ |
| | ৩৩০৪.১০.০০ | ওষ্ঠাধর প্রসাধন সামগ্রী |
| | ৩৩০৪.২০.০০ | চক্ষু প্রসাধন সামগ্রী |
| | ৩৩০৪.৩০.০০ | হাত, নখ বা পায়ের প্রসাধন সামগ্রী |
| | | অন্যান্য ঃ |
| | ৩৩০৪.৯১.০০ | পাউডার, চাপযুক্ত হউক বা না হউক |
| | ৩৩০৪.৯৯.০০ | (ক) স্কীন ক্রীম |
| | | (খ) অন্যান্য |
| ৩৩.০৫ | | কেশ পরিচর্যায় ব্যবহৃত সামগ্রী |
| | ৩৩০৫.১০.০০ | শ্যাম্পু |
| | ৩৩০৫.২০.০০ | কেশ স্থায়ীভাবে তরঙ্গায়িত অথবা সরল করার প্রসাধনী |
| | ৩৩০৫.৩০.০০ | কেশ বার্ণিশ (Hair Lacquer) |
| | ৩৩০৫.৯০.০০ | অন্যান্য |
| ৩৩.০৭ | ৩৩০৭.১০.০০ | শেভের আগে, শেভের সময় বা শেভের পরে ব্যবহার্য সামগ্রী |
| | ৩৩০৭.২০.০০ | শরীরের দুর্গন্ধ এবং ঘাম দূরীকরণে ব্যবহৃত সামগ্রী (আতর ব্যতীত) |
| | ৩৩০৭.৩০.০০ | সুগন্ধযুক্ত বাথ সল্ট এবং অন্যান্য গোসল সামগ্রী |
| | ৩৩০৭.৪৯.০০ | অন্যান্য |
| | ৩৩০৭.৯০.১০ | তুলোট এবং বয়নহীন আঠালো, সুগন্ধি/প্রসাধনী দ্বারা মোড়ানো |
| ৬৮.০২ | সংশ্লিষ্ট এইচ,এস,কোড | গ্রানাইট ও মার্বেল পাথর |
| ৬৯.০৭ | সকল এইচ,এস,কোড | অনুজ্জ্বল সিরামিক প্রস্তর ফলক এবং উনানের প্রস্তর অথবা দেয়ালের টাইলস; অনুজ্জ্বল সিরামিক মোজাইক কিউব এবং সমজাতীয় পণ্য, কোন বস্তুর উপর স্থাপিত হউক বা না হউক |
| ৬৯.০৮ | সকল এইচ,এস,কোড | উজ্জ্বল সিরামিক প্রস্তর ফলক এবং উনানের প্রস্তর অথবা দেয়ালের টাইলস; চকচকে সিরামিক মোজাইক কিউব এবং |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | সমজাতীয় পণ্য, কোন বস্তুর উপর স্থাপিত হউক বা না হউক |
| ৬৯.১০ | সকল এইচ.এস.কোড | সিরামিকের বাথটাব ও জিকুজি, সিঙ্ক, বেসিন, প্যাডেস্টাল বেসিন, কমোড বা উহার অংশ, যে কোন ধরণের প্যান, শাওয়ার, শাওয়ার ট্রে ও বাথরুমের অন্যান্য ফিটিংস ও ফিক্সার্স |
| ৭২.০৯ | ৭২০৯.১৭.০০ | ফ্লাট রোলড প্রোডাক্ট যাহাতে কোল্ড রোলড এর অধিক কাজ করা হয়নি (কয়েলে) (পুরুত্ব ০.৫ মিঃ মিঃ বা অধিক কিন্তু ১ মিঃ মিঃ এর অধিক নয়) |
| | ৭২০৯.১৮.০০ | ফ্লাট রোলড প্রোডাক্ট যাহাতে কোল্ড রোলড এর অধিক কাজ করা হয়নি (কয়েলে) (পুরুত্ব ০.৫ মিঃ মিঃ এর নিম্নে)। |

টেবিল-২

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| S০০১ | S০০১.১০ | হোটেল |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ শেখ হাফিজুল কবির ]
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০৯/১০ই জুন, ২০০৪।

এস,আর,ও নং–১৬৭–আইন/২০০৪/৪১৩–মূসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২৯শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাং মোতাবেক ১২ই জুন, ২০০৩ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৬৭-আইন/২০০৩/৩৭৫-মূসক রহিতক্রমে, নিম্নে বিধৃত –

(ক) টেবিল-১ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে আমদানি পর্যায়ে;

(খ) টেবিল-২ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে উৎপাদন পর্যায়ে —

উহাদের উপর আরোপণীয় সম্পূরক শুল্ক, যে পরিমাণ উহাদের বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত হারের অতিরিক্ত হয় সেই পরিমাণ, হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

টেবিল-১ (আমদানি পর্যায়)

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code). | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods). | সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ২৭.১১ | ২৭১১.২১.০০ | প্রাকৃতিক গ্যাস, গ্যাসীয় অবস্থায় | শূণ্য |
| ৭২.০৯ | ৭২০৯.১৭.০০ | ফ্লাট রোলড প্রোডাক্ট যাহাতে কোল্ড রোলড এর অধিক কাজ করা হয়নি (কয়েলে) (পুরুত্ব ০.৫ মিঃ মিঃ বা অধিক কিন্তু ১ মিঃ মিঃ এর অধিক নয়) | শূণ্য |
| | ৭২০৯.১৮.০০ | ফ্লাট রোলড প্রোডাক্ট যাহাতে কোল্ড রোলড এর অধিক কাজ করা হয়নি (কয়েলে) (পুরুত্ব ০.৫ মিঃ মিঃ এর নিম্নে) | শূণ্য |

টেবিল-২ (উৎপাদন পর্যায়)

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) | সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ০৪.০২ | ০৪০২.১০.১০<br>০৪০২.১০.২০<br>০৪০২.২১.১০<br>০৪০২.২১.২০ | গুড়া দুধ | ২.৫০ |
| ২২.০২ | ২২০২.১০.০০ | কোমল পানীয় | ১০ |
| ২৪.০২ | ২৪০২.২০.০০ | তামাকযুক্ত সিগারেট (Cigarettes containing tobacco) প্রতি দশ শলাকা সিগারেটের বিক্রয় মূল্য (প্যাকেটের গায়ে খুচরা বিক্রয়মূল্য ও সিগারেটের সংখ্যা সুস্পষ্ট, লক্ষনীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকার শর্তে)ঃ | |
| | | (১) চার টাকা হইতে চার টাকা নিরানব্বই পয়সা পর্যন্ত | ৩২ |
| | | (২) পাঁচ টাকা হইতে নয় টাকা নিরানব্বই পয়সা পর্যন্ত | ৫২ |
| | | (৩) দশ টাকা হইতে উনিশ টাকা নিরানব্বই পয়সা পর্যন্ত | ৫৫ |
| | | (৪) বিশ টাকা ও ততোধিক | ৫৭ |
| | ২৪০২.৯০.১০ | হাতে বা অযান্ত্রিক পদ্ধতিতে তৈরী বিড়ি | ১৭.৬৮ |
| ২৭.১১ | ২৭১১.২১.০০ | প্রাকৃতিক গ্যাস, গ্যাসীয় অবস্থায় | ৯৩.২৪ |
| ৩৩.০৪ | | সৌন্দর্য্য অথবা প্রসাধন সামগ্রী এবং ত্বক পরিচর্যার প্রসাধন সামগ্রী (ঔষধে ব্যবহৃত পদার্থ ব্যতীত), সানস্ক্রিন বা সান ট্যান সামগ্রী; হাত, নখ বা পায়ের প্রসাধন সামগ্রীসহ | |
| | ৩৩০৪.১০.০০ | ওষ্ঠাধর প্রসাধন সামগ্রী | ২০ |
| | ৩৩০৪.২০.০০ | চক্ষু প্রসাধন সামগ্রী | ২০ |
| | ৩৩০৪.৩০.০০ | হাত, নখ বা পায়ের প্রসাধন সামগ্রী | ২০ |
| | | অন্যান্য ঃ | |
| | ৩৩০৪.৯১.০০ | পাউডার, চাপযুক্ত হউক বা না হউক | ২০ |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) | সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| | ৩৩০৪.৯৯.০০ | (ক) স্কীন ক্রীম | ১০ |
| | | (খ) অন্যান্য | ২০ |
| ৩৩.০৫ | | কেশ পরিচর্যায় ব্যবহৃত সামগ্রী | |
| | ৩৩০৫.১০.০০ | শ্যাম্পু | ১০ |
| | ৩৩০৫.২০.০০ | কেশ স্থায়ীভাবে তরঙ্গায়িত অথবা সরল করার প্রসাধনী | ২০ |
| | ৩৩০৫.৩০.০০ | কেশ বার্ণিশ (Hair Lacquer) | ২০ |
| | ৩৩০৫.৯০.০০ | অন্যান্য | ২০ |
| ৩৩.০৭ | ৩৩০৭.১০.০০ | শেভের আগে, শেভের সময় বা শেভের পরে ব্যবহার্য সামগ্রী | ২৫ |
| | ৩৩০৭.২০.০০ | শরীরের দুর্গন্ধ এবং ঘাম দূরীকরণে ব্যবহৃত সামগ্রী (আতর ব্যতীত) | ২৫ |
| | ৩৩০৭.৩০.০০ | সুগন্ধযুক্ত বাথ সল্ট এবং অন্যান্য গোসল সামগ্রী | ২৫ |
| | ৩৩০৭.৪৯.০০ | অন্যান্য | ২৫ |
| | ৩৩০৭.৯০.১০ | তুলোট এবং বয়নহীন আঠালো, সুগন্ধি/প্রসাধনী দ্বারা মোড়ানো | ২৫ |
| ৬৮.০২ | সংশ্লিষ্ট এইচ.এস.কোড | গ্রানাইট ও মার্বেল পাথর | ১৫ |
| ৬৯.০৭ | সকল এইচ.এস.কোড | অনুজ্জ্বল সিরামিক প্রস্তর ফলক এবং উনানের প্রস্তর অথবা দেয়ালের টাইলস; অনুজ্জ্বল সিরামিক মোজাইক কিউব এবং সমজাতীয় পণ্য, কোন বস্তুর উপর স্থাপিত হউক বা না হউক | ৫ |
| ৬৯.০৮ | সকল এইচ.এস.কোড | উজ্জ্বল সিরামিক প্রস্তর ফলক এবং উনানের প্রস্তর অথবা দেয়ালের টাইলস; চকচকে সিরামিক মোজাইক কিউব এবং সমজাতীয় পণ্য, কোন বস্তুর উপর স্থাপিত হউক বা না হউক | ৫ |
| ৬৯.১০ | সংশ্লিষ্ট এইচ.এস.কোড | সিরামিকের বাথটাব ও জিকুজি, সিঙ্ক, বেসিন, প্যাডেস্টাল বেসিন, কমোড বা উহার অংশ, যে | ৫ |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) | সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| | | কোন ধরণের প্যান, শাওয়ার, শাওয়ার ট্রে ও বাথরুমের অন্যান্য ফিটিংস ও ফিক্সার্স | |
| ৭২.০৯ | ৭২০৯.১৭.০০ | ফ্লাট রোলড প্রোডাক্ট যাহাতে কোল্ড রোলড এর অধিক কাজ করা হয়নি (কয়েলে) (পুরুত্ব ০.৫ মিঃ মিঃ বা অধিক কিন্তু ১ মিঃ মিঃ এর অধিক নয়) | ১০ |
| | ৭২০৯.১৮.০০ | ফ্লাট রোলড প্রোডাক্ট যাহাতে কোল্ড রোলড এর অধিক কাজ করা হয়নি (কয়েলে) (পুরুত্ব ০.৫ মিঃ মিঃ এর নিম্নে) | ১০ |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(খায়রুজ্জামান চৌধুরী)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭শে জ্যৈষ্ঠ, ১৪১১/১০ই জুন, ২০০৪।

এস,আর,ও নং-১৬৮-আইন/২০০৪/৪১৪-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ২ এর দফা (ঙ) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, উহার ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ মোতাবেক ১২ই জুন, ১৯৯৭ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৪৪-আইন/৯৭/১৬১-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল-২ এর ক্রমিক নম্বর (৭) এবং উহার বিপরীতে উল্লিখিত "বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক" বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ শেখ হাফিজুল কবির ]
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭শে জ্যৈষ্ঠ, ১৪১১/১০ই জুন, ২০০৪।

এস,আর,ও নং–১৬৯–আইন/২০০৪/৪১৫–মূসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (৪কক) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৯শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাং মোতাবেক ১২ই জুন, ২০০৩ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও, নং-১৭১-আইন/২০০৩/৩৭৯-মূসক রহিতক্রমে, সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা লিমিটেড কোম্পানী কর্তৃক সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা গ্রহণকারী কর্তৃক উৎসে মূল্য সংযোজন কর আদায়, কর্তন ও সরকারী ট্রেজারীতে জমা প্রদানের উদ্দেশ্যে উক্ত আইনের অধীন নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা ও উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোডের আওতাধীন কলাম (৩) এ বর্ণিত সেবা প্রদানকারী কর্তৃক প্রদত্ত সেবা সমূহ নির্ধারণ করিল, যথা ঃ-

টেবিল

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা প্রদানকারী |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| S০০৩ | S০০৩.১০ | মোটর গাড়ীর গ্যারেজ ও ওয়ার্কশপ |
| | S০০৩.২০ | ডকইয়ার্ড |
| S০০৪ | S০০৪.০০ | নির্মাণ সংস্থা |
| S০০৭ | S০০৭.০০ | বিজ্ঞাপনী সংস্থা |
| S০০৮ | S০০৮.১০ | ছাপাখানা |
| S০২০ | S০২০.০০ | জরীপ সংস্থা |
| S০৩২ | S০৩২.০০ | কনসালটেন্সী ফার্ম ও সুপারভাইজারী ফার্ম |
| S০৩৩ | S০৩৩.০০ | ইজারাদার |
| S০৩৪ | S০৩৪.০০ | অডিট এন্ড একাউন্টিং ফার্ম |
| S০৩৭ | S০৩৭.০০ | যোগানদার (Procurement Provider) |
| S০৪৮ | S০৪৮.০০ | পরিবহন ঠিকাদার |
| S০৪৯ | S০৪৯.০০ | যানবাহন ভাড়া প্রদানকারী |
| S০৫৩ | S০৫৩.০০ | বোর্ড সভায় যোগদানকারী |
| S০৬০ | S০৬০.০০ | নিলামকৃত পণ্যের ক্রেতা। |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা প্রদানকারী |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| S০৬৫ | S০৬৫.০০ | ভবন মেঝে ও অংগন পরিষ্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থা |
| S০৬৬ | S০৬৬.০০ | লটারীর টিকিট বিক্রয়কারী |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ শেখ হাফিজুল কবির ]
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

## [মূল্য সংযোজন কর]

## আদেশ

ঢাকা, ২৭শে জ্যৈষ্ঠ, ১৪১১/১০ই জুন, ২০০৪।

**এস,আর,ও নং–১৭০–আইন/২০০৪/৪১৬–মূসক।**– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৮(৪) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, অত্র বোর্ডের ২৯ শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাংলা মোতাবেক ১২ই জুন, ২০০৩ ইং তারিখের আদেশ এস.আর.ও নং ১৭২-আইন/২০০৩/৩৮০-মূসক রহিতক্রমে, উক্ত আইনের অধীন নিম্নবর্ণিত —

(ক) টেবিল-১ এর কলাম (১) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) এর বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত পণ্যের উৎপাদনকারীকে; এবং

(খ) টেবিল-২ এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোড এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত সেবা প্রদানকারীকে;

বার্ষিক টার্ণওভারের পরিমাণ নির্বিশেষে উক্ত আইনের ধারা ১৫ এর আওতায় নিবন্ধিত হওয়ার ও মূল্য সংযোজন কর প্রদানের আদেশ প্রদান করিল, যথাঃ-

### টেবিল-১

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২৪.০২ | ২৪০২.৯০.১০ | তামাকযুক্ত সিগারেট (হাতে তৈরী সিগারেট বা বিড়ি) (Cigaretts containing tobacco manufactured mechanically and manually) |

টেবিল-২

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা প্রদানকারী |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| S০০৩ | S০০৩.১০ | মোটর গাড়ীর গ্যারেজ এবং ওয়ার্কশপ |
| | S০০৩.২০ | ডক ইয়ার্ড |
| S০০৪ | S০০৪.০০ | নির্মাণ সংস্থা |
| S০০৭ | S০০৭.০০ | বিজ্ঞাপনী সংস্থা |
| S০০৮ | S০০৮.১০ | ছাপাখানা |
| S০০৯ | S০০৯.০০ | নিলামকারী সংস্থা |
| S০১৫ | S০১৫.১০ | ফ্রেইট ফরোয়ার্ডার্স |
| | S০১৫.২০ | ক্লিয়ারিং ও ফরওয়ার্ডিং সংস্থা |
| S০১৮ | S০১৮.০০ | চলচ্চিত্র স্টুডিও |
| S০২০ | S০২০.০০ | জরীপ সংস্থা |
| S০২৩ | S০২৩.২০ | চলচ্চিত্র পরিবেশক |
| S০২৪ | S০২৪.০০ | আসবাবপত্রের বিপনন কেন্দ্র |
| S০২৬ | S০২৬.০০ | স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণের ও রৌপ্যের দোকানদার এবং স্বর্ণ পাকাকারী |
| S০২৮ | S০২৮.০০ | কুরিয়ার ও এক্সপ্রেস মেইল সার্ভিস |
| S০২৯ | S০২৯.১০ | চিকিৎসা প্রতিষ্ঠান |
| | S০২৯.৩০ | প্যাথলজিক্যাল ল্যাবরেটরী |
| S০৩২ | S০৩২.০০ | কনসালটেন্সী ফার্ম ও সুপারভাইজরী ফার্ম |
| S০৩৩ | S০৩৩.০০ | ইজারাদার |
| S০৩৪ | S০৩৪.০০ | অডিট এন্ড একাউন্টিং ফার্ম |
| S০৩৬ | S০৩৬.২০ | শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল লঞ্চ সার্ভিস |
| S০৩৭ | S০৩৭.০০ | যোগানদার |
| S০৩৯ | S০৩৯.১০ | স্যাটেলাইট ক্যাবল অপারেটর |
| | S০৩৯.২০ | স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর |
| S০৪০ | S০৪০.০০ | সিকিউরিটি সার্ভিস |
| S০৪৮ | S০৪৮.০০ | পরিবহণ ঠিকাদার |
| S০৪৯ | S০৪৯.০০ | যানবাহন ভাড়া প্রদানকারী |
| S০৫০ | S০৫০.০০ | আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর |
| S০৫৩ | S০৫৩.০০ | বোর্ড সভায় যোগদানকারী |
| S০৫৬ | S০৫৬.০০ | ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী |
| S০৫৭ | S০৫৭.০০ | বিদ্যুৎ বিতরণকারী |
| S০৫৯ | S০৫৯.০০ | গ্লাসশীট প্রলেপকারী প্রতিষ্ঠান |
| S০৬০ | S০৬০.০০ | নিলামকৃত পণ্যের ক্রেতা |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা প্রদানকারী |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| S০৬১ | S০৬১.০০ | ক্রেডিট কার্ড প্রদানকারী প্রতিষ্ঠান |
| S০৬২ | S০৬২.০০ | অর্থ বিনিময়কারী (মানি চেঞ্জার) প্রতিষ্ঠান |
| S০৬৩ | S০৬৩.০০ | শীতাতপ নিয়ন্ত্রিত টেইলারিং শপ ও টেইলার্স এবং ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকাভুক্ত বড় দর্জীর দোকান (ক্ষুদ্র দর্জীর দোকান ব্যতীত) |
| S০৬৪ | S০৬৪.১০<br>S০৬৪.২০ | এ্যামিউজমেন্ট পার্ক ও থিম পার্ক<br>পিকনিক স্পট, শ্যুটিং স্পট |
| S০৬৫ | S০৬৫.০০ | ভবন মেঝে ও অংগন পরিষ্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থা |
| S০৬৬ | S০৬৬.০০ | লটারীর টিকিট বিক্রয়কারী |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ মোহাম্মদ লুৎফর রহমান ]
দ্বিতীয় সচিব
(মূসকঃ নীতি ও বাজেট)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭ শে জ্যৈষ্ঠ, ১৪১১/১০ই জুন, ২০০৪।

এস,আর,ও নং–১৭১–আইন/২০০৪/৪১৭–মূসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (৫) এর দফা (খ) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৫শে জ্যৈষ্ঠ, ১৪০৭ বাংলা মোতাবেক ৮ই জুন, ২০০০ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৭০-আইন/২০০০/২৬৯-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের–

(ক) কলাম (১) এর শিরনামা সংখ্যা S০০৫ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ বর্ণিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

“S০০৫ S০০৫.০০ পণ্যাগার ও বন্দর ঃ

S০০৫.১০ পণ্যাগার ঃ

"পণ্যাগার" অর্থ এমন কোন উন্মুক্ত বা অন্যবিধ স্থান যেখানে যেকোন পণ্য পণের বিনিময়ে বা প্রকারান্তরে মজুদ বা সংরক্ষণের ব্যবস্থা করা হয়; উক্তরূপ যেকোন পণ্য মজুদ বা সংরক্ষণের সহায়ক প্রত্যক্ষ ও পরোক্ষ সকল প্রস্তুতিমূলক কর্মকান্ডসহ মজুদকৃত অথবা সংরক্ষিত উক্তরূপ কোন পণ্যের নিষ্পত্তি বিষয়ক সকল কর্মকান্ডও এই সেবার অন্তর্ভুক্ত হইবে।

S০০৫.২০ বন্দর ঃ

ব্যাখ্যা ঃ

"বন্দর" অর্থ এমন কোন উন্মুক্ত বা অন্যবিধ স্থান যেখানে আমদানিকৃত বা রপ্তানিযোগ্য যেকোন পণ্য পণের বিনিময়ে বা প্রকারান্তরে মজুদ বা সংরক্ষণের ব্যবস্থা করা হয়; উক্তরূপ যেকোন পণ্য মজুদ বা সংরক্ষণের সহায়ক প্রত্যক্ষ ও পরোক্ষ সকল প্রস্তুতিমূলক কর্মকান্ডসহ মজুদকৃত অথবা সংরক্ষিত উক্তরূপ কোন পণ্যের নিষ্পত্তি বিষয়ক সকল কর্মকান্ড এবং এতদুদ্দেশ্যে পরিচালিত আইসিডি (ICD-Inland Container Depot) এবং সিএফএস (CFS-Container Freight Station)ও এই সেবার অন্তর্ভুক্ত হইবে।";

(খ) কলাম (১) এর শিরনামা সংখ্যা S০১৭ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ বর্ণিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"S০১৭ S০১৭.০০ কম্যুনিটি সেন্টার ঃ

ব্যাখ্যা ঃ

"কম্যুনিটি সেন্টার" অর্থ বিবাহ, জন্মদিন, সেমিনার, সিম্পোজিয়াম বা অন্য কোন সাংস্কৃতিক, সামাজিক বা রাজনৈতিক অনুষ্ঠান সম্পাদনের নিমিত্ত সাময়িকভাবে ভাড়া প্রদত্ত কোন ভবন বা প্রাঙ্গন। অনুষ্ঠান সম্পাদন সংক্রান্ত কার্যাবলীর মধ্যে খাদ্য পরিবেশনও অন্তর্ভুক্ত হইবে।"

(গ) কলাম (১) এর শিরনামা সংখ্যা S০২৩ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ বর্ণিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"S০২৩ S০২৩.১০ চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ) ঃ

ব্যাখ্যা ঃ

"চলচ্চিত্র প্রদর্শক" অর্থ দর্শকদের উপভোগের জন্য বাণিজ্যিক ভিত্তিতে চলচ্চিত্র প্রদর্শনকারী বা প্রদর্শনের ব্যবস্থাপনাকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।

S০২৩.২০ চলচ্চিত্র পরিবেশক ঃ

ব্যাখ্যা ঃ

"চলচ্চিত্র পরিবেশক" অর্থ চলচ্চিত্র প্রযোজনা বা নির্মাতা বা নিবেদক সংস্থা বা প্রতিষ্ঠানের নিকট হইতে সংগৃহীত চলচ্চিত্র অর্থের বিনিময়ে চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ) বা সম্প্রচার কর্তৃপক্ষ বা অন্য কোন ব্যক্তি বা সংস্থার নিকট হস্তান্তরকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা ।";

(ঘ) কলাম (১) এর শিরনামা সংখ্যা S০২৮ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ বর্ণিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"S০২৮ S০২৮.০০ কুরিয়ার **(Courior)** ও এক্সপ্রেস মেইল সার্ভিস ঃ

ব্যাখ্যা ঃ

"কুরিয়ার ও এক্সপ্রেস মেইল সার্ভিস" অর্থ দেশের অভ্যন্তরে অথবা দেশের বাহিরে অর্থের বিনিময়ে বার্তা, সংবাদ, তথ্য, দলিলপত্র বা পণ্য প্রেরণে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা (সরকারী ডাক বিভাগ এবং সেবা শিরোনামা সংখ্যা **S০15** এ বর্ণিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা ব্যতীত), তবে সরকারী ডাক বিভাগ বা বেসরকারী যে কোন সংস্থা কর্তৃক প্রদত্ত এক্সপ্রেস মেইল ইহার অন্তর্ভুক্ত হইবে।";

(ঙ) কলাম (১) এর শিরনামা সংখ্যা S০৫৬ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ বর্ণিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"S০৫৬ S০৫৬.০০ ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী ঃ

ব্যাখ্যা ঃ

"ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী" অর্থ কোন রাষ্ট্রায়ত্ত, দেশীয় বা বিদেশী বাণিজ্যিক ব্যাংক অথবা কোন নন ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান বা সংস্থা যিনি কমিশন, ফি বা চার্জের বিনিময়ে ব্যাংকিং বা নন ব্যাংকিং সেবা যথাঃ ঋণপত্র, ব্যাংক গ্যারান্টি, ডিমান্ড ড্রাফট, পে-অর্ডার, টিটি, এমটি, কমিটমেন্ট, হ্যান্ডলিং ও আবেদনপত্র প্রক্রিয়াকরণসহ অন্যান্য সেবা (স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার ক্রয়-বিক্রয় সংক্রান্ত সেবা ব্যতীত) প্রদান করিয়া থাকেন।" এবং

(চ) কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০৬৩ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নতুন শিরনামা সংখ্যাসমূহ এবং এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথাঃ-

"S০৬৪ S০৬৪.১০ এ্যামিউজমেন্ট পার্ক ও থিম পার্ক ঃ

ব্যাখ্যা ঃ

"এ্যামিউজমেন্ট পার্ক ও থিম পার্ক" অর্থ এমন কোন স্থান যেখানে পণের বিনিময়ে প্রবেশাধিকারসহ যান্ত্রিক খেলনা, রাইড, অবকাঠামো বা প্রদর্শনীর মাধ্যমে দর্শনার্থীদের জন্য বিনোদনের ব্যবস্থা করা হয়।

S০৬৪.২০ পিকনিক স্পট, শ্যূটিং স্পট ও পর্যটন স্থান বা স্থাপনা ঃ

ব্যাখ্যা ঃ

"পিকনিক স্পট, শ্যূটিং স্পট ও পর্যটন স্থান বা স্থাপনা" অর্থ প্রকৃতি প্রদত্ত অথবা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের লক্ষ্যে পরিকল্পিতভাবে উন্নয়নকৃত কোন স্থান বা স্থাপনা যাহা, অন্যকোন সেবা, সুবিধা বা উপযোগিতা প্রদান করা হউক বা না হউক, পণের বিনিময়ে ভাড়া দেওয়া হয় এবং ইজারা প্রদত্ত না হইলে কোন ঐতিহাসিক স্থানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

S০৬৫ S০৬৫.০০ ভবন, মেঝে ও অংগন পরিষ্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থা ঃ

ব্যাখ্যা ঃ

"ভবন মেঝে ও অংগন পরিষ্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থা" অর্থ পণের বিনিময়ে সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিস্থাপিত, বেসরকারী সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা লিমিটেড কোম্পানীর আন্তর্জাতিক সংস্থার ভবন, মেঝে ও অংগন পরিষ্কারের কার্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।

| | | |
|---|---|---|
| S০৬৬ | S০৬৬.০০ | **লটারীর টিকিট বিক্রয়কারী ঃ**<br>**ব্যাখ্যা ঃ**<br>"লটারীর টিকিট বিক্রয়কারী" অর্থ এমন কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান যিনি কমিশনের বিনিময়ে সকল প্রকার লটারীর টিকিট বিক্রয় করিয়া থাকেন। |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ মোঃ আব্দুল কাফী ]
প্রথম সচিব
(মূসকঃ নীতি ও বাজেট)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭শে জ্যৈষ্ঠ, ১৪১০/১০ই জুন, ২০০৪।

এস,আর,ও নং–১৭২–আইন/২০০৪/৪১৮–মূসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনে ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (২) এর দ্বিতীয় শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২৪শে জ্যৈষ্ঠ, ১৪০৮ মোতাবেক ৭ই জুন, ২০০১ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৪৩-আইন/২০০১/৩০৮-মূসক রহিতক্রমে নিম্নরূপ পরিসীমা ও শর্ত সাপেক্ষে, ব্যবসায়ী কর্তৃক মূল্য সংযোজন কর প্রদানের নিমিত্ত মূল্য সংযোজনের পরিমাণ এবং হার নির্দিষ্ট করিল, যথাঃ-

(১) ব্যবসায়ীর ক্ষেত্রে মূল্য সংযোজনের হার দশ শতাংশ হইবে; এবং

(২) ক্ষুদ্র খুচরা ব্যবসায়ী বা দোকানের ক্ষেত্রে সর্বনিম্ন বার্ষিক এককালীন ও মাসিক কিস্তিতে কর পরিশোধের সুবিধার্থে নিম্ন টেবিলের কলাম ২ এ উল্লিখিত এলাকার বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত ন্যূনতম মূল্য সংযোজনের পরিমাণ ধার্য ও কলাম ৫ এ উল্লিখিত পরিমাণ মূল্য সংযোজন কর প্রদেয় হইবে, যথাঃ–

টেবিল

| ক্রমিক নং | যে সকল এলাকার জন্য প্রযোজ্য | ন্যূনতম বার্ষিক মূল্য সংযোজনের পরিমাণ | মূল্য সংযোজন করের হার | প্রদানযোগ্য ন্যূনতম মূল্য সংযোজন করের পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা | ২৮,০০০/- টাকা | ১৫% | ৪,২০০/- টাকা |
| ২. | অন্যান্য সিটি কর্পোরেশন এলাকা | ২৪,০০০/- টাকা | ১৫% | ৩,৬০০/- টাকা |
| ৩. | জেলা শহরের পৌর এলাকা | ১৬,০০০/- টাকা | ১৫% | ২,৪০০/- টাকা |
| ৪. | দেশের অন্যান্য এলাকা | ৮,০০০/- টাকা | ১৫% | ১,২০০/- টাকা |

(৩) শর্তাবলীঃ

(ক) যেই ক্ষেত্রে কোন ব্যবসায়ী অনুচ্ছেদ ১ এ উল্লিখিত মূল্য সংযোজনের হারের ভিত্তিতে কর প্রদান করিতে চাহেন, সেই ক্ষেত্রে তিনি প্রত্যেক অর্থ বৎসরের ৩১শে জুলাই এর মধ্যে তৎসম্পর্কে এই প্রজ্ঞাপনের সহিত সংযুক্ত **"ফরম"** এ একটি ঘোষণা সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করিবেন;

(খ) উপ-অনুচ্ছেদ (ক) এ বর্ণিত ঘোষণা মোতাবেক আবেদনকারী ব্যবসায়ী ঘোষণার তারিখ হইতে তাঁহার আমদানিকৃত বা সংগৃহীত পণ্য মূল্যের সহিত দশ শতাংশ হারে মূল্য সংযোজন গণনা করিয়া উহার উপর ১.৫ শতাংশ হারে প্রদেয় মূল্য সংযোজন কর নিরূপণ করিবেন;

(গ) উপ-অনুচ্ছেদ (খ) এ বর্ণিত সুবিধা গ্রহণের উদ্দেশ্যে ব্যবসায়ীকে প্রতিটি ক্রয়, বিক্রয়, সরবরাহের হিসাব, নিজস্ব বাণিজ্যিক দলিলাদি, চলতি হিসাব পুস্তক এবং চালানপত্র পুস্তক সংরক্ষণ করিতে হইবে;

(ঘ) আবেদনকারী ব্যবসায়ী প্রতি মাসের নিরূপিত মূল্য সংযোজন কর পরবর্তী মাসের দশ তারিখের মধ্যে ট্রেজারী চালানের মাধ্যমে মূল্য সংযোজন কর "১/১১৩৩/০০০০/০৩১১" খাতে সরকারী কোষাগারে জমা প্রদান করিবেন এবং ট্রেজারী চালানের মূল কপিসহ মাসিক দাখিলপত্র সংশ্লিষ্ট এলাকার স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে উক্ত একই তারিখের মধ্যে দাখিল করিবেন;

(ঙ) কর প্রদানকারী ব্যবসায়ী আইনের ধারা ৯ এর আওতায় উপকরণ কর রেয়াত প্রাপ্য হইবেন না;

(চ) বিভাগীয় কর্মকর্তা, সার্কেল সুপারিনটেনডেন্ট ও সংশ্লিষ্ট ইন্সপেক্টরের সহায়তায় ক্ষুদ্র ব্যবসায়ীর তালিকা তৈরী এবং অন্যান্য ব্যবসায়ীর বার্ষিক টার্ণওভার নির্ধারণসহ প্রদেয় করের পরিমাণ নিরূপন করিবেন;

(ছ) ক্ষুদ্র ব্যবসায়ীদের ক্ষেত্রে কেবলমাত্র পণ্য ক্রয়ের দলিলাদি সংরক্ষণসহ ক্যাশ মেমো ও বিক্রয় পুস্তক সংরক্ষণ করিতে হইবে। দাখিলপত্র প্রেরণের প্রয়োজন হইবে না।

# "ফরম"

[ শর্ত (১) দ্রষ্টব্য ]

১। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ

...........................................................................................................।

২। মূল্য সংযোজন কর নিবন্ধন নম্বর ও তারিখঃ

.............................................................................................।

৩। ব্যবসায়ের ধরণঃ

.....................................................................................................................।

৪। ব্যবসায়স্থলের বিবরণঃ

(ক) ঘরের আয়তনঃ .........................................................

(খ) কর্মচারীর সংখ্যা ও তাঁহাদের মাসিক বেতনঃ ..................................................

(গ) বিদ্যুৎ, টেলিফোন, ভাড়া ইত্যাদি/খাতে

মাসিক সম্ভাব্য ব্যয়ঃ ..............................................................

(ঘ) যে সব পণ্যের ব্যবসায় করা হয় তাহার মধ্যে প্রধান প্রধান পণ্যঃ

(১)

(২)

(৩)

(৪)

৫। মাসিক সম্ভাব্য টার্ণওভারঃ ...........................................................................।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ মোঃ রেজাউল হাসান ]

প্রথম সচিব

মূসক (বাস্তবায়ন-সেবা ও প্রত্যর্পণ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
ঢাকা।

[ মূল্য সংযোজন কর ]

## প্রজ্ঞাপন

ঢাকা, ২৭শে জ্যৈষ্ঠ, ১৪১১/১০ই জুন, ২০০৪।

এস, আর, ও, নং–১৭৩–আইন/২০০৪/৪১৯–মূসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, অত্র বোর্ডের ২৯শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাং মোতাবেক ১২ই জুন, ২০০৩ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং- ১৬৪-আইন/২০০৩/৩৭২-মূসক রহিতক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। **সংক্ষিপ্ত শিরনামা**।- এই বিধিমালা নির্দিষ্ট সেবার ক্ষেত্রে প্রকৃত মূল্য সংযোজনের হারের ভিত্তিতে কর ধার্যকরণ বিধিমালা, ২০০৪ নামে অভিহিত হইবে।

২। **করের ভিত্তি নির্ধারণসহ করের হার ধার্যকরণ, ইত্যাদি**।- (১) উক্ত আইনের আওতায় মূল্য সংযোজন কর আরোপযোগ্য নিম্নের টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোড ও কলাম (৩) এ বর্ণিত সেবা প্রদানকারীগণের উপর কলাম (৪) এ বর্ণিত মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে এতদ্দ্বারা কলাম (৫) এ মূল্য সংযোজন করের হার ধার্য করা হইল, যথাঃ-

### টেবিল

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা প্রদানকারী | মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তি | নীট মূল্য সংযোজন করের হার |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| S০০৩ | S০০৩.১০ | মোটর গাড়ীর গ্যারেজ এবং ওয়ার্কশপ | যে কোন প্রকার যান্ত্রিক যানবাহন মেরামত বা সার্ভিসিং এর ক্ষেত্রে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী কর্তৃক উক্ত যানবাহনে সংযোজিত যন্ত্রপাতি বা যন্ত্রাংশের মূল্যসহ সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের ত্রিশ শতাংশ। | ৪.৫% |
| | S০০৩.২০ | ডকইয়ার্ড | যে কোন প্রকার যান্ত্রিক নৌযান মেরামত বা সার্ভিসিং এর ক্ষেত্রে সেবা প্রদানকারী কর্তৃক উক্ত নৌযান মেরামত বা সার্ভিসিং এ ব্যবহৃত | ৪.৫% |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা প্রদানকারী | মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তি | নীট মূল্য সংযোজন করের হার |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | যন্ত্রপাতি ও উপকরণের মূল্যসহ সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের ত্রিশ শতাংশ। | |
| S০০৪ | S০০৪.০০ | নির্মাণ সংস্থা | যে কোন নির্মাণ কাজের জন্য দরপত্রে উল্লিখিত মূল্যের ত্রিশ শতাংশ অর্থ। | ৪.৫% |
| S০০৫ | S০০৫.১০ ও S০০৫.২০ | পণ্যাগার ও বন্দর | পণ্য মজুদ বা সংরক্ষণের সহায়ক প্রত্যক্ষ ও পরোক্ষ সকল কর্মকান্ডের বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা একশত ভাগ। | ১৫% |
| S০০৭ | S০০৭.০০ | বিজ্ঞাপনী সংস্থা | (ক) সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, রাষ্ট্রায়াত্ব ব্যাংক ও বীমার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিজ্ঞাপন প্রচারকারী পত্রিকা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মূল্যের একশত ভাগ; | ১৫% |
| | | | (খ) বেসরকারী প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এনজিও), বেসরকারী ব্যাংক ও বীমা, লিমিটেড কোম্পানী, যে কোন সংস্থা ও ব্যক্তি কর্তৃক প্রকাশিত বিজ্ঞাপনের ক্ষেত্রে (ক্লাসিফাইড বিজ্ঞাপন ব্যতীত) সংশ্লিষ্ট পত্রিকা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মূল্যের ষাট শতাংশ পরিমাণ অর্থ; | ৯% |
| | | | (গ) অন্যান্য ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রচারকারী মাধ্যম কর্তৃক নির্ধারিত মূল্যের শতকরা একশত ভাগ। | ১৫% |
| S০০৮ | S০০৮.১০ | ছাপাখানা | ছাপাখানা কর্তৃক ছাপার যাবতীয় উপকরণের মূল্যসহ প্রদত্ত সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের ত্রিশ শতাংশ। তবে যেক্ষেত্রে উক্ত অর্থের মধ্যে উপকরণের মূল্য অন্তর্ভুক্ত থাকিবেনা, সেক্ষেত্রে প্রাপ্ত সমুদয় অর্থ। | ৪.৫% |
| S০০৯ | S০০৯.০০ | নিলামকারী সংস্থা | নিলামে পণ্য বিক্রয়ে সহায়তা প্রদানের জন্য প্রাপ্ত চার্জ, কমিশন বা ফি এবং ইহাতে পণ্য মূল্য অন্তর্ভুক্ত হইবে না। | ১৫% |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা প্রদানকারী | মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তি | নীট মূল্য সংযোজন করের হার |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| S০১০ | S০১০.২০ | ভবন নির্মাণ সংস্থা | ভবন বিক্রয় বা হস্তান্তর বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের দশ শতাংশ। | ১.৫% |
| S০১৫ | S০১৫.০০ | ফ্রেইট ফরোয়ার্ডার্স | সংশ্লিষ্ট সেবা প্রদানের বিনিময়ে প্রাপ্ত চার্জ, কমিশন, বা ফি যাহার মধ্যে পণ্য মূল্য অন্তর্ভুক্ত হইবে না। | ১৫% |
| S০১৮ | S০১৮.০০ | চলচ্চিত্র স্টুডিও | চলচ্চিত্র নির্মাণের জন্য শুধুমাত্র চলচ্চিত্র মুদ্রণ, পরিস্ফুটন, শব্দ গ্রহণ, সংযোজন ও শব্দ মুদ্রণ এর জন্য প্রাপ্ত সমুদয় চার্জ বা ফি। | ১৫% |
| S০২০ | S০২০.০০ | জরিপ সংস্থা | জরিপ কার্যে নিয়োজিত যে কোন সংস্থা কর্তৃক জরিপ সংক্রান্ত সেবা প্রদানের বিনিময়ে প্রাপ্ত চার্জ, কমিশন বা ফি এবং উহাতে পণ্যের মূল্য অন্তর্ভুক্ত হইবে না। | ১৫% |
| S০২৩ | S০২৩.২০ | চলচ্চিত্র পরিবেশক | চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ) বা সম্প্রচার কর্তৃপক্ষ বা অন্য কোন ব্যক্তি বা সংস্থার নিকট চলচ্চিত্র হস্তান্তর বাবদ প্রাপ্ত সমুদয় ফি বা চার্জের শতকরা একশত ভাগ। | ১৫% |
| S০২৪ | S০২৪.০০ | আসবাবপত্রের বিপণন কেন্দ্র | ক) উৎপাদন পর্যায়ে সর্বমোট প্রাপ্তির ত্রিশ শতাংশ | ৪.৫% |
| | | | খ) বিপণন পর্যায়ে সর্বমোট প্রাপ্তির দশ শতাংশ (উৎপাদন পর্যায়ে ৪.৫% হারে মূসক পরিশোধের চালানপত্র থাকা সাপেক্ষে) | ১.৫% |
| S০২৬ | S০২৬.০০ | স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণের ও রৌপ্যের দোকানদার এবং স্বর্ণ পাকাকারী | সেবা প্রদানকারী কর্তৃক সেবার বিনিময়ে চার্জ, কমিশন বা ফি ও মুনাফা বাবদ প্রাপ্ত সমূদয় অর্থ এবং উহাতে বাজারদর অনুযায়ী স্বর্ণের বা রৌপ্যের মূল্য অন্তর্ভুক্ত হইবে না। | ১৫% |
| S০২৮ | S০২৮.০০ | কুরিয়ার ও ইএমএস সার্ভিস | বার্তা, সংবাদ, তথ্য, দলিলপত্র বা পণ্য প্রেরণের জন্য প্রাপ্ত সমূদয় ফি বা চার্জের শতকরা একশত ভাগ। | ১৫% |
| S০২৯ | S০২৯.১০ | চিকিৎসা প্রতিষ্ঠান | চিকিৎসা প্রতিষ্ঠানের সীট ভাড়া, খাবার পরিবেশনের উপর চার্জ, অপারেশন থিয়েটার চার্জ, অস্ত্রোপচারের জন্য প্রাপ্ত চার্জ, | ২.২৫% |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা প্রদানকারী | মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তি | নীট মূল্য সংযোজন করের হার |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | এনেসথেসিয়া প্রদানের জন্য প্রাপ্ত চার্জ, এক্সরের জন্য প্রাপ্ত চার্জ, ডাক্তার কর্তৃক প্রদত্ত ব্যবস্থা পত্র প্রদানের বিনিময়ে প্রদত্ত ফি, ইত্যাদি সমন্বয়ে প্রাপ্ত সমুদয় অর্থের পনের শতাংশ পরিমাণ অর্থ। | |
| | S০২৯.৩০ | প্যাথলজিক্যাল ল্যাবরেটরী | সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত সমুদয় অর্থের পনের শতাংশ পরিমাণ অর্থ। | ২.২৫% |
